

বিশেষ সিবিআই আদালত

সাক্ষীকে অভিযুক্ত হিসেবে গ্রেপ্তার! রেশন দুর্নীতিতে আদালতের তোপে ইডি

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারি
ঃ রেশন দুর্নীতি মামলায় আদালতের
তোপের মুখে ইডি। তাদের তদন্ত
প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তুললেন বিশেষ
সিবিআই আদালতের বিচারক। তাঁর

জামিন মামলার শুনানি ছিল। তাদের
১৪ দিনের জেল হেফাজতের
অবেদন জানায় ইডির আইনজীবী।
এই প্রেক্ষিতে শাস্তু নু ভট্টাচার্যের
আইনজীবী শ্যামল ঘোষ জানান,



পর্বক্ষেপণ, সাক্ষীকে অভিযুক্ত
হিসেবে গ্রেপ্তার করেছে ইডি।
বিচারকের কথায়, একজন চার্জার্ড
অ্যাকাউন্ট্যান্টের বেতন ঠিক করে
দিতে পারে না কেন্দ্রীয় তদন্তকারী
সংস্থা। শনিবার কলকাতার
বিচারভবনে স্পেশাল সিবিআই
কোর্টে বিচারক প্রশান্ত মুখোপাধ্যায়ের
এজলাসে রেশন দুর্নীতির ইডির
মামলায় চালকল মালিক হিতেশ
চন্দক, সুরত ঘোষ, জ্যোতিষ্যয়
মল্লিকের চার্জার্ড অ্যাকাউন্ট্যান্টের
শাস্তু নু ভট্টাচার্য-সহ চারজনের

এই মামলা কবে শেষ হবে তার
কোনও টিকানা নেই! ২০২৬ সাল
থেকে তদন্ত হচ্ছে। তার আরও
সাক্ষাই, আমি একজন একজন
চার্জার্ড অ্যাকাউন্ট্যান্ট। সামাজিক
সম্মান আছে। আমার এই মামলা
সঙ্গে কোনও সংযোগ নেই। তাও
দিয়েও স্বার্থে আমি ২৮ বার হাজিরা
দিয়েছি। এই ট্রায়াল তাড়াতাড়ি শেষ
করার আরজি জানাচ্ছি। শাস্তুর
অপর আইনজীবী অনিন্দ্য রাউত
বলেন, এতদিনে একবারও দেখানো
হয়েছে যে আমার মক্কেল

বেনিফিশিয়ারি। ওঁ কাকে কত টাকা
দেবেন, সেটা ওরা (ইডি) কী করে
বলে দিতে পারেন? তিনি আরও
জানান, আমাদের থেকে টাকা ডিমাস্ত
ড্রাফটের মাধ্যমে ইডির হতে গিয়েছে।
এরপর বিচারকের প্রশ্ন, তিনটে
সংস্থার টাকা যে ও ফেরত দিচ্ছেন,
সেটা কি আপনারদের অর্ডারে? ইডি
কি এই কোম্পানিগুলোর মালিক?
জবাবে ইডির আইনজীবী জানান,
এগুলো সরকারি কোম্পানি। এরপরই
বিচারকের প্রশ্ন, চার্জার্ড
অ্যাকাউন্ট্যান্টরা ডিমাস্ত ড্রাফট টাকা
ফেরত দিচ্ছে কেন? অহিও-কে
বিচারকের প্রশ্ন, কোন আইনের
ভিত্তিতে এটা হয়েছে? বিচারক
আরও বলেন, পিএমএলএ অ্যাক্টে
কীভাবে গ্রেপ্তার করা হবে, কখন করা
হবে, কীভাবে তদন্ত হবে, সব লেখা
আছে। তাহলে এটা কোন আইনের
ভিত্তিতে হল? তদন্তকারী অফিসারের
সাক্ষাই, আমি ঊর্ধ্বতন কর্তার নির্দেশ
কাজ করেছি। বিচারকের আরও প্রশ্ন,
উনি হয়তো একজন চার্জার্ড
অ্যাকাউন্ট্যান্ট হিসেবে ওর প্রবেশনাল
যা দায়িত্ব সেই অনুযায়ী কাজ
করেছেন। তাকে আপনি জিজ্ঞাসাবাদ
করতে পারেন প্রশ্নের কোন করবেন?
বিচারক প্রশ্ন তোলেন ধৃতদের
হেফাজতে চাওয়া নিয়েও। এই
মামলার রায়দান স্থগিত করা হয়েছে।

অপরাজিতা বিলে দ্রুত কেন্দ্রীয় অনুমোদনের দাবিতে মিছিল

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারি
ঃ অবিলম্বে অপরাজিতা বিলে কেন্দ্রীয়
সরকারকে অনুমোদন দিতে হবে, এই দাবি
তুলে শনিবার শহরে মিছিল
করল তৃণমূল মহিলা কংগ্রেস। রামলীলা
ময়দান থেকে এই মিছিল শুরু হয়
যার নেতৃত্বে ছিলেন শশী পাঁজা। আরজি
করে ডাক্তারি ছাত্রীকে নৃশংসভাবে
ধর্ষণ হত্যা কাণ্ডের আবেহই গত বছর
সেপ্টেম্বরে রাজা বিধানসভায় পাশ
হয়েছিল অপরাজিত বিলা। নারী
নির্ধাতন যোগে রাজ্যের অনা ওই বিল
দ্রুত পাশ করানোর দাবিতে এর আগে
একাধিকবার কর্মসূচি পালন করেছে
তৃণমূল। শনিবার আবারও বিলে
কেন্দ্রীয় অনুমোদনের দাবিতে মিছিল
করল রাজ্যের শাসক দল। শশী পাঁজা এই
মিছিল থেকে সংবাদমাধ্যমে বলেন,
আরজি কর কাণ্ডের দ্রুত বিচার
সকলেই চাইছেন। তৃণমূলও অন্য কিছু
চাইছে না। আর এই অপরাজিতা বিল
যদি আইন হয়, তাহলে বিচারও দ্রুত
মিলবে। গোটা বিষয়টি নিয়ে রাজনীতি
করা হলে সেটি দুঃখজনক বিষয়।
ধর্ষণের ঘটনায় নির্ধাতিতার যদি মৃত্যু
হয় কিংবা নির্ধাতিতা কোমা অথবা
চিরকালের মতো শারীরিক-মানসিক
অর্থহ হয়ে যায়, তাহলে তার ফুটি
মৃত্যুদণ্ড। ধর্ষণ-গণধর্ষণের ঘটনায়
যে বা যারা দোষী সাব্যস্ত হবে তাদের
আমৃত্যু যাবজ্জীবন কারাদণ্ড। ঘটনা
যদি গুরুতর হয় তাহলে শাস্তি মৃত্যুদণ্ড
এবং জরিমানা। দ্রুত বিচারের ব্যবস্থা
রাখা হয়েছে এই বিল। একআইআর
হওয়ার পর যত দ্রুত তাহলে রাজ্য
শেষ করতে হবে। প্রস্তাবিত বিলে
রয়েছে তদন্তের কাজ ২১ দিনের মধ্যে
শেষ করতে হবে। এর আগে এর সময়সীমা
ছিল ২ মাস। তবে পুলিশ সুপার
অথবা সম পদমর্যাদার কেউ লিখিতভাবে
যুক্তিযুক্ত কারণ দর্শালে তদন্তের
সময় আর ১৫ দিন পর্যন্ত বাড়ানো
যেতে পারে। আগিল আক্রমের
ঘটনাতেও আমৃত্যু যাবজ্জীবন, ক্ষেত্রবিশেষে
প্রাণদণ্ডের প্রস্তাব রাখা হয়েছে
প্রস্তাবিত বিলে। এবং বিল নিয়ে অবশ্য
রাজ্যপাল সিডি আনন্দ বোস দাবি
করেছিলেন যে, তাড়াছড়ো করে
বানাতো গিয়ে বিলের মধ্যে রয়েছে
অসংখ্য ত্রুটি। যা তিনি চিহ্নিত করে
রাষ্ট্রপতির কাছে পাঠিয়ে দিয়েছেন।

কাশ্মীরে ভয়ংকর দুর্ঘটনা, গভীর খাদে পড়ল সেনার গাড়ি, মৃত্যু ৪



জম্মু, ৪ জানুয়ারি
ঃ জম্মু ও কাশ্মীরে ভয়ংকর
দুর্ঘটনা ঘটল বলে খবর মিলেছে। ভূস্বর্গের
বাদিপোরা জেলায় আচমকা নিয়ন্ত্রণ
হারিয়ে গভীর খাদে গড়িয়ে
গেল ভারতীয় সেনা বাহিনীর একটি
ট্রাক। এই দুর্ঘটনায় মৃত্যু হয়েছে কমপক্ষে
৪ জওয়ানের। আহত হয়েছেন আরও
৩ জন সেনাকর্মী। শুরু হয়েছে
উদ্ধারকাজ। সেনা সূত্রে জানা
গিয়েছে, সবার কুট পায়নের কাছে
পাহাড়ি পথে বাক নিতে গিয়ে নিয়ন্ত্রণ
হারাণ চালক এর পরেই ট্রাকটি রাস্তা
লাগোয়া খাদে গড়িয়ে যায়। তাতেই
গুরুতর জখম হন বেশ কয়েক জন
জওয়ান। তাদের উদ্ধার করে স্থানীয়
হাসপাতালে ভর্তি করা হয়। সেখানে ৪
জনের মৃত্যু হয়েছে। আরও ৬ জনের
চিকিসা চলছে। তাদের শারীরিক অবস্থা
স্থিতিশীল বলেই জানা গিয়েছে। ঘটনাস্থলে
সেনার পাশাপাশি স্থানীয় পুলিশ
পৌঁছে উদ্ধারকাজে হাত লাগিয়েছে।
উল্লেখ্য, খাদে সেনার গাড়ি পড়ে
দুর্ঘটনা এই প্রথম নয়। গত ২৪ ডিসেম্বর
পুঞ্চে সাতে তিনশো ফুট গভীর খাদে
পড়ে যায় সেনার একটি গাড়ি। ওই
দুর্ঘটনায় মৃত্যু হয়েছিল ৫ জওয়ানের।
আরও পাঁচজন আহত হয়েছিলেন। তার
আগে গত নভেম্বরে রাজৌরি জেলায়
খাদে সেনার গাড়ি পড়ে মৃত্যু হয়েছিল
এক জওয়ানের, আহত হন একজন।

মালদহের পর এবার মুর্শিদাবাদে শুটআউট, আহত এক যুবক

দুরন্ত বার্তা, বহরমপুর, ৪ জানুয়ারি
ঃ আবার শুটআউটের ঘটনা।
মালদহের পর এবার সেই ঘটনা
ঘটল মুর্শিদাবাদে। গুলিবর্ষা এক
যুবক মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ
হাসপাতালে চিকিৎসাধীন। অভিযোগ,
বিসর্গমের শোভাযাত্রা থেকে বাড়ি
ফেরার পথে গুলিবর্ষা হন ওই যুবক।
অভিযোগের তীর দুষ্কৃতীদের দিকে।
আহত যুবকের নাম রিফ্ট বিশ্বাল।
নওদা থানার সর্বাঙ্গপুর গ্রামে
বাড়ি। ওই যুবককে তড়িঘড়ি উদ্ধার
করে প্রথমে নওদার আমতলা
হাসপাতালে এবং পরে মুর্শিদাবাদ
মেডিক্যাল কলেজ হাসপাতালে
ভর্তি করা হয়। ওই যুবকের গলায়
গুলি লেগেছে বলে খবর। শনিবার
বিকালে এলাকার তারা মায়ের
বিসর্গন উপলক্ষে শোভাযাত্রা
বেরিয়েছিল। সেই পথে তৃণমূলের
কর্মীরা একটি অনুষ্ঠান শেষে বাড়ি
ফিরছিলেন। অভিযোগ, ওই তৃণমূল
কর্মীদের সঙ্গে বচসা বাঁধে শোভাযাত্রায়
অংশগ্রহণ কারীদের। সেই সময় ওই
যুবককে হটাৎ গুলি করা হয় বলে
অভিযোগ। কে বা কারা গুলি চালাল,
তা নিয়ে এখনও খোয়াশা তৈরি
হয়েছে। ঘটনা তদন্ত শুরু করেছে
নওদা থানার পুলিশ। বিশেষ সূত্রের
খবর, ওই গ্রামে তৃণমূলের একটি
অনুষ্ঠান ছিল। সেই অনুষ্ঠান শেষে
বাড়ি ফেরার পথে গুলিগোলে বচসা
চলাকালীন গুলি চালা বলে অভিযোগ।
গ্রামবাসীরা তৃণমূলের একটি বাস
আটকে রেখেছে বলে অভিযোগ।
ইতিমধ্যে ঘটনাস্থলে নওদা থানার
বিশাল পুলিশ বাহিনী পৌঁছেছে।
পুলিস অবশ্য কাউকে গ্রেপ্তার
করতে পারেনি বলেই জানা গিয়েছে।
তবে পুলিশ গোটা এলাকায়
তল্লাশি চালানোর পরিকল্পনা
করেছে। তাদের মনে হচ্ছে আজ বা
কাল তারা অপরাধীদের ধরতে সক্ষম
হবে।

বিক্ষোভের ক্ষতে প্রলেপ!

বাজেটে কৃষিতে বাড়তি গুরুত্ব দেওয়ার পথে মোদি সরকার

নয়াদিল্লি, ৪ জানুয়ারি
ঃ কেন্দ্রের নরেন্দ্র মোদি সরকারকে
যদি এ

এমনিতে সরকার গঠনের পর
প্রথম দিককার বাজেটে সেভাবে



পর্বন্ত কোনও গণআন্দোলন
বিরত করে থাকে, সেটা কৃষক
বিক্ষোভ। ২০২১ সালে কৃষকদের
আন্দোলনের জেরে কৃষি আইন
প্রত্যাহারও করতে হয় কেন্দ্রকে।
কিন্তু তারপরও সমস্যা মেটানো
যায়নি। এখনও পাঞ্জাব-হরিয়ানার
বিস্তীর্ণ অঞ্চলে কেন্দ্রবিরোধী
বিক্ষোভে কৃষকরা। কৃষক নেতা
জগজিৎ সিং দাল্লোওয়াল এখনও
অনশনে। এই পরিস্থিতিতে কৃষক
অসন্তোষ মেটাতে বাজেটে কল্পতরু
হতে পারেন নির্মলা সীতারামণ।

জনমোহিনী প্রকল্প ঘোষণা করে
না সরকার। ওই বাজেটগুলি মূলত
সংস্কারমুখী হয়। কিন্তু কৃষক
অসন্তোষে প্রলেপ দিতে এবার
কৃষিক্ষেত্রে একাধিক বা ঘোষণার
সন্তাবনা খারিজ করে দিচ্ছে না
অর্থনৈতিক মহলা। সুদূর খবর,
কৃষিক্ষেত্রে আধুনিকীকরণ,
সংস্কারে যেমন বাজেটে জোর
দেওয়া হচ্ছে তেমনই জোর দেওয়া
হবে কৃষকদের আয় বাড়ানোর
ক্ষেত্রে। বস্তুত কৃষকদের দীর্ঘদিনের
দাবি এমএসপির আইনি গ্যারান্টি

নিশ্চিত করা। বাজেটে এভাবে
আইনি গ্যারান্টি র কথা ঘোষণা
করা না গেলেও বেশ কিছু ফসলের
ন্যূনতম সমর্থন মূল্য বাড়ানো হতে
পারে। মোদি সরকারের আমলে
সার এবং কীটনাশকের দাম হু হু
করে বোচ্ছে। সেটাতো এবার
বাজেটে রাশ টানার চেষ্টা হতে
পারে। সেক্ষেত্রে সার ও কীটনাশকে
ভরতুকি বাবদ বড় অঙ্কের অর্থ
বরাদ্দ করতে পারে সরকার।
প্রধানমন্ত্রী কিয়ান সম্মান
নিধি বাড়ানোর দাবিও দীর্ঘদিনের।
যদিও সে নিয়ে এখনই কোনও
পদক্ষেপ করা হবে কিনা, সেটা
স্পষ্ট নয়। উল্লেখ্য এখনও
এমএসপির আইনি স্বীকৃতি-সহ
মোট পাঁচটি দাবিতে আন্দোলন
করছেন কৃষকরা। দীর্ঘদিন ধরে
পাঞ্জাবে অনশনে কৃষক নেতা
দাল্লোওয়াল। এমনকী সুপ্রিম
কোর্টেও কৃষকদের বিক্ষোভ নিয়ে
কেন্দ্রকে বিবেছে। শীর্ষ আদালত
একপ্রকার বলে দিয়েছে, কৃষক
আন্দোলন দমন করার কোনও
সিদ্ধিই সরকারের নেই। এই
পরিস্থিতিতে কৃষক বিক্ষোভের
ক্ষোভের ক্ষতে প্রলেপ দিতে
একাধিক বড় ঘোষণা করল
কেন্দ্রীয় মন্ত্রিসভা।

পার্থর বিরুদ্ধে সিবিআই চার্জশিটের অনুমোদন পাওয়া গেল রাজ্যপালের

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারি
ঃ অবশেষে পাওয়া গেল
অনুমতি। রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী
পার্থ চট্টোপাধ্যায়ের বিরুদ্ধে সিবিআইকে
চার্জশিট পেশের অনুমোদন
দিলেন রাজ্যপাল। ফলে নিয়োগ
দুর্নীতির তদন্ত আরও একধাপ
এগোল বলে মনে করছে ওয়াশিংটন
মহলা। সিবিআইয়ের তরফে চার্জশিট
পাঠানো হয় রাজ্যপালের কাছে।
তাতেই অনুমোদন দিল রাজ্যপাল।
শনিবার সেই চার্জশিট গ্রহণ
করেছে আদালতও। উল্লেখ্য,
প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায়
২০২২ সালের ২২ জুলাই
গ্রেপ্তার হয়েছিলেন তৎকালীন
শিক্ষামন্ত্রী। পার্থ চট্টোপাধ্যায়।
এরপর একাধিক ব্যক্তিকে গ্রেপ্তার
করেছে কেন্দ্রীয় তদন্তকারী
সংস্থা। এই মামলায় পার্থ সেন এবং
কৌশিক মাধির বিরুদ্ধে প্রথম
সাল্প্রিমেন্টরি চার্জশিট ফাইল
হয় ২০২৪ সালের ১২ জানুয়ারি।
পার্থ চট্টোপাধ্যায়, সন্ত

গঙ্গোপাধ্যায় এবং অয়ন শীলের
বিরুদ্ধে ২৭ ডিসেম্বর সেকেন্ড
সাল্প্রিমেন্টরি চার্জশিট ফাইল হয়।
এদিন তৃতীয় সাল্প্রিমেন্টরি
চার্জশিট দেওয়া হয়েছে। তবে
রাজ্যপালের অনুমোদন না পেলে
আদালত চার্জশিট গ্রহণ করতে
পারে না। এদিন সেই অনুমোদন
মিলেছে। ফলে পার্থ চট্টোপাধ্যায়ের
বিরুদ্ধে এবার চার্জগঠন শুরু
করতেই পারে আদালত। দুর্নীতি
মামলায় দু বছরেরও বেশি সময়
ধরে জেলবন্দি রাজ্যের প্রাক্তন
শিক্ষামন্ত্রী। জামিন চেয়ে সুপ্রিম
কোর্টের দ্বারস্থ হয়েছেনও
হয়েছেন তিনি। এক হাজারের
বেশি চাকরিপ্রার্থীর থেকে টাকা
নিয়েছেন পার্থ চট্টোপাধ্যায় ও তাঁর
সঙ্গীরা। প্রাথমিক নিয়োগ দুর্নীতি
মামলার চার্জশিটে এমনই
বিশ্লেষণিক দাবি সিবিআইয়ের।
গত ১ অক্টোবর এই মামলার
পার্থ চট্টোপাধ্যাকে গ্রেপ্তার
করেছিল কেন্দ্রীয় তদন্তকারী
সংস্থা।

এখন কেমন আছেন ‘কালীঘাটের কাকু’? আদালতে জানতে চাইলেন বিচারক

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারি
ঃ প্রাথমিক দুর্নীতি মামলায় চার্জগঠন
আটকে রয়েছে ‘কালীঘাটের কাকু’
র কারণে! বেসরকারি হাসপাতালে
চিকিৎসাধীন সুজয়কৃষ্ণ ভট্টা। শনিবার
আদালতে নিয়োগ দুর্নীতি মামলার
শুনানি চলাকালীন ফের তাঁর
প্রসঙ্গ উঠে এলো। কালীঘাটের কাকুর
শারীরিক অবস্থার কথা জানতে
চাইলেন সিবিআইয়ের বিশেষ
আদালতের বিচারক। কেমন
আছেন তিনি? সুজয়কৃষ্ণের আইনজীবী
সোমনাথ সান্যালকে বিচারকের প্রশ্ন,
আপনার মক্কেল ব্রেকফাস্ট করল?
জান আছে না নেই? জানতে চান
বিচারক। জবাবে আইনজীবী
সোমনাথ সান্যাল জানান, সেস
আছে। জ্ঞান মাঝেমাঝে আসছে
যাচ্ছে। এখনও আইসিইউতে ভর্তি



জ্ঞান হারান সুজয়কৃষ্ণ। সেই সময়
প্রথমে তাঁকে এসএসকেএম, রাতে
নিউ আলিপুয়ের বেসরকারি
হাসপাতালে নিয়ে যাওয়া হয়।
ছিলেন আইসিইউতে। পরে
সিসিইউতে পাঠানো হয়। বুধবার
রাত্তে তাঁকে বাইপাসের বেসরকারি
হাসপাতালে স্থানান্তর করা হয়।
এদিন সুজয়কৃষ্ণ

আদালতে হাজির না থাকায় চার্জগঠন
৬ জানুয়ারি পর্যন্ত মূলতবি
রয়েছে। কিন্তু আদালতে আইনজীবীর
মন্তব্যের সঙ্গে মেডিক্যাল রিপোর্টের
ফারাক বিস্তার। আদালতে সুজয়কৃষ্ণের
আইনজীবী জানিয়েছিলেন, তাঁর
শারীরিক অবস্থার কথা জানতে
চাইলেন সিবিআইয়ের বিশেষ
আদালতের বিচারক। কেমন
আছেন তিনি? সুজয়কৃষ্ণের আইনজীবী
সোমনাথ সান্যালকে বিচারকের প্রশ্ন,
আপনার মক্কেল ব্রেকফাস্ট করল?
জান আছে না নেই? জানতে চান
বিচারক। জবাবে আইনজীবী
সোমনাথ সান্যাল জানান, সেস
আছে। জ্ঞান মাঝেমাঝে আসছে
যাচ্ছে। এখনও আইসিইউতে ভর্তি


ভারতে গ্রামীণ দারিদ্র্য কমে ৫ শতাংশেরও কম হয়েছে : প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৪ জানুয়ারি
ঃ ভারতে গ্রামীণ দারিদ্র্য কমে
৫ শতাংশেরও কম হয়েছে। জোর
দিয়ে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র
মোদি। শনিবার গ্রামীণ ভারত
মহোৎসব ২০২৫-এর উদ্বোধন
করার পর বলেছেন, গতকালই
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ায় রিপোর্ট
এসেছে, ওই রিপোর্ট অনুযায়ী
২০১২ সালে ভারতের গ্রামীণ
দারিদ্র্য ছিল প্রায় ২৬ শতাংশ।
যেখানে ২০২৪ সালে ভারত
গ্রামীণ দারিদ্র্য কমে ৫ শতাংশেরও
কম হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র
মোদি আরও বলেছেন, ২০১৪ সাল
থেকে গ্রামি ক্রমাগত এবং প্রতি
মুহুর্তে গ্রামীণ ভারতের সেবার
নিযুক্ত রয়েছে। গ্রামের মানুষকে
মর্যাদাযুক্ত জীবন দেওয়া আমার
সরকারের অগ্রাধিকার। আমাদের
দৃষ্টিভঙ্গি হল ভারতের গ্রামের
মানুষের যেন ক্ষমতায়ন হয়, তারা
যেন উন্নতির আরও বেশি করে
সুযোগ পায়, তাদের অন্যত্র যেতে
না হয়, গ্রামের মানুষের জীবনযাত্রা
সহজ হয়, তাই প্রতিটি গ্রামে
আমরা মৌলিক সুবিধার নিশ্চয়তা
দিয়েছি। কেন্দ্রীয় সরকারের
উদ্দেশ্য, নীতি ও সিদ্ধান্ত
গ্রামীণ ভারতে নতুন শক্তি
সঞ্চার করেছে। আত্মবিশ্বাসের
সঙ্গে বললেন প্রধানমন্ত্রী নরেন্দ্র
মোদি। তিনি বলেছেন, আমাদের
লক্ষ্য হল গ্রামীণ জনগোষ্ঠীকে
ব্যাপক অর্থনৈতিক সহায়তা
প্রদান, কৃষিকে সহজ করা এবং
তাঁদের নিজস্ব গ্রামের মধ্যে
উদ্ভাবনী কর্মসংস্থান ও স্ব-কর্মসংস্থানের
সুযোগ প্রদানের মাধ্যমে ক্ষমতায়ন
করা। শনিবার দিল্লির ভারত
মহোৎসবে গ্রামীণ ভারত মহোৎসব
২০২৫-এর উদ্বোধন করার পর
প্রধানমন্ত্রী মোদি বলেছেন,
এই দৃষ্টিভঙ্গির সঙ্গে পিএম-কিষাণ
প্রকল্পে কৃষকদের আর্থিক সহায়তার
জন্য ৩ লক্ষ কোটি টাকা প্রদান
করা হয়েছে। গত এক দশকে কৃষি
খণ্ডের পরিমাণ বেড়েছে সাড়ে
তিন গুণ।



দিল্লির জনতা বিচার চায়, কেজরিওয়ালকে তোপ শাহের

নয়াদিল্লি, ৪ জানুয়ারি
ঃ দিল্লির প্রাক্তন মুখ্যমন্ত্রী
তথা আম আদমি পার্টির প্রধান
অরবিন্দ কেজরিওয়ালের তীর
সমালোচনা করলেন কেন্দ্রীয়
স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শনিবার
এক অনুষ্ঠানে বক্তৃতা দেওয়ার
সময় অমিত শাহ বলেছেন, কেজরিওয়াল
যখনই দিল্লির পরিকাঠামো নিয়ে
কাজ করার সুযোগ পেয়েছেন,
তখনই নিজের ভবন তৈরি করতে
শুরু করেন। দিল্লির পরিকাঠামো
নিয়ে চিন্তা করেননি। কেন্দ্রীয়
স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আরও
বলেছেন, কেজরিওয়াল নিজের জন্য
৪৫ কোটি টাকা দিয়ে শীশ মহল
করেছেন। শুরুতে রাজনীতিতে
আসার পর তিনি বলেছিলেন,
সরকারি গাড়ি অথবা বাংলো
নেবেন না। এখন তিনি দিল্লির
বাসিন্দাদের টাকা দিয়ে একটি
প্রাসাদ তৈরি করেছেন। আবার
গিনি কেলেকারি থেকে মহল্লা
ক্লিনিকের দুর্নীতি, ওষুধ সংক্রান্ত
কেলেকারি থেকে সিসিটিভি, বাস
কেনাকাটা, এবং ‘শীশ মহল’,
কেজরিওয়াল দিল্লিতে দুর্নীতি
ছাড়া আর কিছুই করেননি। এখন
মানুষ বিচার চায়! দিল্লিবাসীর
কাছে জবাব দিতে হবে কেজরিওয়ালকে!
উল্লেখ্য, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী
অমিত শাহ নতুন দিল্লিতে
কেন্দ্রীয় মন্ত্রীরা হোস্টেল
স্বাধ্যা ভবনের উদ্বোধন করেছেন।
রাজনৈতিক মহল মনে করছে,
এই বার ভোটে পুনরায় কেজরিওয়ালের
দলই দিল্লিতে ক্ষমতায় আসবে।
কারণ তারাই রাজ্যের মানুষের
পাশে সব সময় ছিলেন।



কংগ্রেস-বিজেপির উচিত এএপি-র বিরুদ্ধে একসঙ্গে ভোটে লড়া : কেজরি

নয়াদিল্লি, ৪ জানুয়ারি
ঃ কংগ্রেস ও বিজেপিকে একযোগে
কটাক্ষ করলেন আম। আদমি পার্টির
জাতীয় আদায়ক অরবিন্দ
কেজরিওয়াল। শনিবার কেজরিওয়াল
বলেছেন, কংগ্রেস ও বিজেপির
আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা উচিত,
তাঁরা দিল্লিতে এএপি-র বিরুদ্ধে
একসঙ্গে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা
করবে। আসলে, পঞ্জাবের বেশ কিছু
মহিলা একগুচ্ছ অভিযোগ এনে



শনিবার কেজরিওয়ালের বাসভবনের
বাইরে বিক্ষোভ দেখান। কেজরিওয়ালের
দিল্লির বাসভবনের বাইরে বিক্ষোভ
প্রদর্শনের সময় ওই মহিলারা বলেন,
পঞ্জাব বিধানসভা নির্বাচনের সময়
কেজরিওয়াল যে প্রতিশ্রুতিগুলি দিয়েছিলেন,
তা এখনও পূরণ হয়নি। এ প্রসঙ্গেই
কেজরিওয়াল বলেছেন, ওই মহিলারা
তাঁদের কংগ্রেস ও বিজেপি) দলের।
তাঁরা পঞ্জাব থেকে আসেননি, পঞ্জাবের মহিলারা
আমাদের পাশে আছেন। এএপি-এ
মহিলাদের আস্থা রয়েছে। কংগ্রেস
এবং বিজেপির আনুষ্ঠানিকভাবে
ঘোষণা করা উচিত, তাঁরা দিল্লিতে
এএপি-র বিরুদ্ধে একসঙ্গে নির্বাচনে
প্রতিদ্বন্দ্বিতা করবে।

বাংলাদেশ পরিস্থিতি নিয়ে

দোভালের সঙ্গে বৈঠকে দিল্লিতে মার্কিন এনএসএ সুলিভান

নয়াদিল্লি, ৪ জানুয়ারি
ঃ ওয়াশিংটনে পলাবন্দীর
তোড়জাজের মতোই রবিবার
ভারত সফরে আসছেন মার্কিন
যুক্তরাষ্ট্রের জাতীয় নিরাপত্তা
উপদেষ্টা জ্যাক সালিভান। এই সফরটি
অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করা
হচ্ছে, কারণ এটি আসছে এমন
সময়ে যখন অজিত ডোভালকে
আমেরিকার সম্পর্কের ক্ষেত্রে
নতুন দৃষ্টিভঙ্গি নিয়ে আলোচনা
প্রয়োজনীয়তা অনুভূত হচ্ছে।
আমেরিকার বিদেশ দফতর
থেকে জানানো হয়েছে যে,
জ্যাক সালিভান দুই দিনের জন্য
ভারত সফর করবেন, যেখানে তিনি
ভারতের জাতীয় নিরাপত্তা
উপদেষ্টা অজিত ডোভালসহ শীর্ষ
ভারতীয় সরকারের

আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন।
এই সফরে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়
নিয়ে আলোচনা হতে পারে। সরকার
সূত্রে জানা গেছে, দ্বিপাক্ষিক সম্পর্কের
নিরাপত্তা, বিশেষ করে আদানিদের
বিরুদ্ধে ঘূষের মামলা এবং আমেরিকা
ও কানাডার মাটিতে খলিফানপন্থীদের
তরবার নিয়ে কথা হতে পারে। এছাড়া,
ভারতের জাতীয় নিরাপত্তা
উপদেষ্টা অজিত ডোভালকে
আমেরিকার আদালত দ্বারা মরণ
পরাঁদোর বিষয়টি এবং বাংলাদেশে
সাম্প্রতিক পরিস্থিতিও আলোচনার
ওপেন্ডে আসতে পারে। দুই দেশের
নিরাপত্তা উপদেষ্টাদের মধ্যে
আলোচনার ভারতের নিরাপত্তা
পরিস্থিতি, দক্ষিণ এশিয়ায় শান্তি
ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার দিকে বিশেষ

মনোযোগ দেওয়া হবে। এছাড়া, ভারত
সফরের সময় জ্যাক সালিভান দিল্লি
আইআইসিটিতে বিশেষনীতি
সংক্রান্ত একটি আলোচনা সভাতেও
অংশ নেবেন। এই আলোচনা সভায়
দ্বিপাক্ষিক সম্পর্ক এবং আন্তর্জাতিক
নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলি নিয়ে
বিস্তারিত আলোচনা হবে। বিশেষ
করে, ‘অন ক্রিটিকাল অ্যান্ড
এমার্জিং টেকনোলজি’ (আইসিইটি)
নিয়ে আলোচনা গুরুত্ব

পাবে, যা ভারত ও আমেরিকার মধ্যে
প্রযুক্তির ক্ষেত্রে সহযোগিতার নতুন
দিশ উন্মোচন করতে পারে। ভারত
মহাসাগরীয় অঞ্চলের নিরাপত্তা
পরিস্থিতি এবং পশ্চিম এশিয়ার
যুদ্ধ পরিস্থিতি নিয়েও আলোচনা
হতে পারে। এই সফরটি আসছে এমন
সময়ে, যখন ভারত ও আমেরিকার
মধ্যে রাজনৈতিক, অর্থনৈতিক এবং
সামরিক সম্পর্ক আরও দৃঢ় হওয়ার
পথে। দুই দেশের মধ্যে সামরিক
সহযোগিতা, বাণিজ্যিক সম্পর্ক এবং
সাইবার নিরাপত্তা ক্ষেত্রে সম্প্রতি বেশ
কিছু উল্লেখযোগ্য পদক্ষেপ নেওয়া
হয়েছে। পাশাপাশি, জলবায়ু পরিবর্তন,
আন্তর্জাতিক অর্থনৈতিক পরিস্থিতি
এবং মহাকাশ গবেষণায়ও একে


অপরকে সহযোগিতা করার বিষয়ে
আগ্রহ বাড়ছে। এছাড়া, দক্ষিণ এশিয়ায়
নিরাপত্তা পরিস্থিতি এবং বিশেষ
করে পাকিস্তান ও চীনের প্রভাব,
এই বিষয়গুলোও আলোচনার
গুরুত্ব পাবে। বিশেষত চীনের সাথে
ভারতের সীমান্ত সংঘর্ষ এবং দক্ষিণ
চীন সাগরের পরিস্থিতি নিয়ে ভারতের
নিরাপত্তা নীতির সাথে আমেরিকার
সহযোগিতা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে।
সুতরাং, এই সফর দুই দেশের
সম্পর্কের ক্ষেত্রে একটি নতুন সূচনা
হতে পারে, যেখানে ভারতের শীর্ষ
নিরাপত্তা কর্মকর্তাদের সঙ্গে আমেরিকার
জাতীয় নিরাপত্তা উপদেষ্টার
আলাপচারিতায় বিভিন্ন বিষয় নিয়ে
কৌশলগত আলোচনা হতে পারে।

কেজরিওয়াল-অতিশীর বিরুদ্ধে লড়াইয়ে দুই ‘নায়ক’, প্রথম প্রার্থীতালিকা বিজেপির

নয়াদিল্লি, ৪ জানুয়ারি
ঃ অবশেষে দিল্লি বিধানসভা নির্বাচনের
জন্য প্রথম দফার প্রার্থীতালিকা
ঘোষণা করল বিজেপি। নির্বাচনে
এখনও অত্যন্ত দেড়মাস বাকি। তবু
বিজেপির প্রার্থী তালিকা ঘোষণাকে
বিলম্বিত বলেই মনে করা হচ্ছে।
কারণ, রাজধানীতে বিজেপির
প্রধান দুই প্রতিপক্ষ কংগ্রেস এবং
আপ, দুই শিরিরই প্রার্থী তালিকা
ঘোষণা করে কেন্দ্র ধরে ধরে প্রচার
শুরু করেছে। তবে দেরিতে প্রার্থী
তালিকা ঘোষণা করলেও চমকের
অভাব নেই বিজেপির তালিকায়। প্রথম
তালিকায় ৭০ আসনের মধ্যে ২৯
আসনে প্রার্থীদের নাম ঘোষণা
করেছে গেরায়া শিবির। দিল্লির
শাসকদল আম আদমি পার্টির দুই
প্রধান মুখ আপ সুপ্রিমো অরবিন্দ
কেজরিওয়াল এবং মুখ্যমন্ত্রী অতিশীর
বিরুদ্ধে দলের দুই প্রথম সারির
নেতাকে প্রার্থী করছে বিজেপি। একজন
দিল্লি বিজেপির প্রাক্তন সভাপতি
প্রবেশ বর্মা, আর এক জন প্রাক্তন
বিজেপি সাংসদ রমেশ বিদুরি। এই
দুজনের আরও পরিচয় আছে। এরা
দুজনেই যুগাভাষে অভিযুক্ত।
সংখ্যালঘু বিরোধী মন্তব্যের জন্য
দেশজুড়ে এদের নিয়ে রীতিমতো
বিতর্ক হয়েছে। প্রবোধ বর্মা ২০২০-২১
দিল্লি দাঙ্গায় অভিযুক্ত। তাঁর
বিরুদ্ধে

হিংসার উসকান দেওয়ার অভিযোগ
রয়েছে। ‘মারো শালোকো’ স্লোগান
দেওয়ার জন্য তাঁর বিরুদ্ধে অভিযোগও
দায়ের হয়েছে। নয়াদিল্লি
কেন্দ্রে থেকে অরবিন্দ কেজরিওয়ালের
বিরুদ্ধে লড়াইয়ে প্রবেশ। ওই কেন্দ্রেই
কংগ্রেস প্রার্থী করেছে প্রাক্তন
মুখ্যমন্ত্রী শীলা দীক্ষিতের ছেলে
সদীপ দীক্ষিতকে। ফলে নিজের
কেন্দ্রেই কটন লড়াইয়ের মুখে
আপ সুপ্রিমো। একই পরিস্থিতি
মুখামন্ত্রী অতিশীর। তাঁর বিরুদ্ধে
কালকাজি কেন্দ্রে কংগ্রেস প্রার্থী
করেছে হেভিওয়েট নেত্রী অলসকা
লম্বাকে। ওই কেন্দ্রেই বিজেপি
আবার প্রার্থী করল অংসদ
যুগাভাষে দেওয়ার অভিযোগে
দুট রমেশ বিদুরিকে। ২০২৪ পর্যন্ত
রমেশ দক্ষিণ দিল্লির সাংসদ ছিলেন।
সংখ্যালঘু সাংসদ দানিশ আলিকে
নিজে বিতর্কিত মন্তব্য না করলে
হয়তো এবারও গিটিকি পে

হরিদ্বারে ঘন কুয়াশা, উত্তর প্রদেশ ও পঞ্জাবেও কমল দৃশ্যমানতা



নয়াদিল্লি, ৪ জানুয়ারি : শুক্রবারের পর শনিবারও কুয়াশার দাপটে জনজীবন বিপর্যস্ত হল দেশের বিভিন্ন রাজ্যে। রাজধানী দিল্লি এদিন সকালে ঘন কুয়াশায় আচ্ছন্ন ছিল, একইরকম পরিস্থিতি ছিল উত্তর প্রদেশ, উত্তরাখণ্ড, পঞ্জাব ও হরিয়ানায়া। কুয়াশার কারণে জনজীবন বিপর্যস্ত হয়েছে রাজস্থান এবং মধ্যপ্রদেশেও।উত্তর প্রদেশের অযোধ্যা, বারাণসী এদিন সকালে ঘন কুয়াশায় আবদ্ধ ছিল, কুয়াশা ছিল উত্তরাখণ্ডের হরিদ্বারেও। সর্বত্রই ঠান্ডাও ছিল জমজমাট। ঘন কুাশার কারণে দৃশ্যমানতা একেবারে কমে যায়, তাতে গাড়ির চালকদের ভীষণ সমস্যা হয়েছে।

অবৈধভাবে বসবাস করছিল ভারতে, দিল্লির উত্তম নগরে গ্রেফতার ৫ বাংলাদেশি

নয়াদিল্লি, ৪ জানুয়ারি : দিল্লির উত্তম নগরে ৫ বাংলাদেশি নাগরিককে গ্রেফতার করেছে পুলিশ। অবৈধভাবে তারা ভারতে বসবাস করছিল। ওই ৫ জনের কাছ থেকে বাংলাদেশি নাগরিকত্বের পরিচয় পাওয়া যায়।শনিবার দিল্লি পুলিশ জানিয়েছে, উত্তর নগর থানার অধীনে, উত্তম নগর মেট্রো স্টেশনের কাছে কালি বস্তুিতে ৫ অবৈধ বাংলাদেশিকে গ্রেফতার করা হয়েছে। জিজ্ঞাসাবাদের সময় তারা জানায়, অবৈধভাবে বাংলাদেশ থেকে ভারতে এসেছে তারা। তাদের মোবাইল ফোন চেক করলে বাংলাদেশের নাগরিকত্ব ও মোবাইল নম্বর পাওয়া যায়।

মণিপুরের কাংপোকপি জেলায় নিরাপত্তা বাহিনীর অভিযানে উদ্ধার আগ্নেয়াস্ত্র

ইমফল, ৪ জানুয়ারি : মণিপুরের পার্বত্য ও উপত্যকা জেলার সীমান্তবর্তী স্পর্শকাতর এলাকায় বড়সড় সাফল্য অর্জন করেছে নিরাপত্তা বাহিনী। কাংপোকপি জেলার অন্তর্গত লইবোল খুনাউ এলাকার পাহাড়ে মাটি খুঁড়ে নিরাপত্তা বাহিনীর জওয়ানরা আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ উদ্ধার করেছেন।সরকারি সূত্রে জানা গেছে, গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অভিযান চালিয়ে একটি ৭.৬২ মিমি মাইপার রাইফেল, একটি ইক্সট্রাডাইজড বং রেঞ্জ মর্টার (পাশ্চিম), তিনটি মাগ্যাকিন সহ ৯ মিমি তিনটি পিস্তল, ১২০ বোরের বন্দুক, এসবিবিএল বন্দুক, ১০টি কার্তুজ, ৩৬ নম্বরের তিনটি হ্যান্ড গ্রেনেড, তিনটি পিকিট গ্রেনেড (আশি-রায়ট), দুটি টিয়ার গ্যাস গ্রেনেড (আশি-রায়ট) এবং একটি ওয়্যারলেস সেট (মোটেরোলা) উদ্ধার করা হয়েছে।

তামিলনাড়ুর বিরুধুনগরে আতশবাজির কারখানায় বিস্ফোরণ, মৃত্যু ৩ জনের

বরুধুনগর, ৪ জানুয়ারি : তামিলনাড়ুর বিরুধুনগর জেলায় একটি আতশবাজির কারখানায় বিস্ফোরণে মৃত্যু হয়েছে ৩ জনের। শনিবার বিরুধুনগর জেলার সাত্তর এলাকায় অবস্থিত আতশবাজির কারখানায় বিস্ফোরণ হয়। বিস্ফোরণের পরই ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ ও দমকল। পুলিশ সূত্রের খবর, তিনটি দেহ উদ্ধার হয়েছে। উদ্ধারকাজ চলছে। আগুন নেভানোর কাজও চাছে আজও।

অবৈধভাবে মাটি কাটায় অভিযুক্ত স্বয়ং প্রধণায়েত প্রধান

মুর্শিদাবাদ, ৪ জানুয়ারি : মুর্শিদাবাদে কংগ্রেসের পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে অবৈধভাবে মাটি কাটার অভিযোগ উঠল। এর জেরে রাষ্ট্র অবাধে মাটি বিক্রেতা শুরু হয় মুর্শিদাবাদের সাগরপাড়ায়া। শনিবার সকাল থেকে ধনীরামপুর ডোমপাড়া ব্রিজের কাছে শেখপাড়া-সাগরপাড়া রোড অবরোধ করে বিক্রেতা দেখান স্থানীয় বাসিন্দারা।

গ্রামীণ ভারত মহোৎসবের সূচনা করলেন প্রধানমন্ত্রী, মত বিনিময় কারিগরদের সঙ্গে

নয়াদিল্লি, ৪ জানুয়ারি : প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী শনিবার দুপুরে নতুন দিল্লির প্রগতি ময়দানের ভারত মণ্ডপমে ‘গ্রামীণ ভারত মহোৎসব, ২০২৫’-এর সূচনা করেছেন। প্রধানমন্ত্রী মোদী কারিগরদের সঙ্গে মতবিনিময় করেছেন, তাঁদের শিল্পকলা চান্সুস করেছেন। ৪-৯ জানুয়ারি, এই মহোৎসব অনুষ্ঠিত হবে। এই মহোৎসবের থিম হল ‘বিকশিত ভারত ২০৪৭-এর জন্য একটি স্থিতিস্থাপক গ্রামীণ ভারত গড়ে তোলা’। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে নারার্টের চ্যেয়ারপার্সন শাজি কেডি ‘ ভারত মহোৎসব ২০২৫’-এ সম্মান জানিয়েছেন।প্রধানমন্ত্রী



নরেন্দ্র মোদী এদিন বলেছেন, ২০২৫ সালের শুরুতে গ্রামীণ ভারত মহোৎসবের এই জমকালো অনুষ্ঠান ভারতের উন্নয়ন যাত্রার সূচনা করছে।

আমি এই অনুষ্ঠানের আয়োজন করার জন্য নার্বার্ট এবং অন্যান্য সহকর্মীদের অভিনন্দন জানাই। প্রধানমন্ত্রী মোদী বলেছেন, লক্ষ লক্ষ গ্রামের প্রতিটি বাড়িতে বিশুদ্ধ পানীয় জল পৌঁছে যাচ্ছে। এখন জনতা ১.৫ লক্ষেরও বেশি আয়ু্হমান আরোগ্য মন্দিরে স্বাস্থ্য পরিষেবার জরায় আও ভাল বিকল্প পাচ্ছে। ডিজিটাল প্রযুক্তির সাহায্যে আমরা দেশের সেরা ডাক্তার এবং হাসপাতালগুলিকে গ্রামের সাথে সংযুক্ত করেছেি এবং টেলিমেডি সিনের সুবিধা নিয়েছি। গ্রামীণ অর্থনীতিকে শক্তিশালী করার জন্য, এটা খুবই গুরুত্বপূর্ণ যে অর্থনৈতিক নীতি গুলি যেন গ্রামের কথা মাথায় রেখে তৈরি করা হয়।

নটিয়াখালকে সৌন্দর্যায়ানের জন্য ডিপিআর প্রস্তুত করার আহ্বান

শ্রীভূমি (অসম) ৪জানুয়ারি : শ্রীভূমির পৌরপতি এক বিজ্ঞপ্তি যোগে জানিয়েছেন যে শ্রীভূমি পৌরসভা থেকে শ্রীভূমি শহরের নটিয়াখালকে সৌন্দর্যয়ন করার

পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে ওই সৌন্দর্যায়নের কাজের ডিটেইল প্রজেক্ট রিপোর্ট বা ডিপিআর প্রস্তুত করার জন্য ইচ্ছুক কনসালট্যান্টদের পৌর কর্তৃপক্ষের

আঞ্চলিক সংগঠনের সাধারণ সম্পাদককে জন্মদিনের শুভেচ্ছা বিজেপি রাজ্য সভাপতির

রাটি, ৪ জানুয়ারি: ভারতীয় জনতা পার্টির (বিজেপি) ঝাড়খণ্ডের রাজ্য সভাপতি ও প্রাক্তন মুখ্যমন্ত্রী বাবুলাল মারাভি দলের আঞ্চলিক সংগঠনের সাধারণ সম্পাদক নাগেন্দ্র ককে জন্মদিনের শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন।শনিবার মারাভি সমাজ মাধ্যমে পোস্ট করে বলেন , বাবা বদোনায়ের কাছে আপনার সুস্বাস্থ্য এবং দীর্ঘায়ু প্রার্থনা করিনা্যদিকে, বিজেপি রাজ্য ইউনিট ও সমাজ



মাধ্যমে পোস্ট করে বলে, বিজেপির সমস্ত কর্মীর অভিভাবক দলের আঞ্চলিক সংগঠনের সাধারণ সম্পাদক নাগেন্দ্রকে জন্মদিনের শুভেচ্ছা এবং অভিনন্দন।

জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ইউনাইটেড নেশনস ফ্রেমওয়ার্ক কনভেনশন-এ চতুর্থ দ্বিবার্ষিক আপডেট রিপোর্ট জমা দিয়েছে ভারত

নয়াদিল্লি(পিআইবি), ৪ জানুয়ারি: জলবায়ু পরিবর্তন সংক্রান্ত ইউনাইটেড নেশনস ফ্রেমওয়ার্ক কনভেনশন-এ চতুর্থ দ্বিবার্ষিক আপডেট রিপোর্ট জমা দিয়েছে ভারত। ২০১৪-এর ৩০ ডিসেম্বর এটি জমা দেওয়া হয়েছে। এতে আছে থার্ড ন্যাশনাল কমিউনিকেশন (টিএনসি)-এর সাম্প্রতিক তথ্য। এছাা আছে ২০২০-তে ন্যাশনাল

গ্রিন হাউজ গ্যাস (জিএইচজি)-এর মজুতের হিসাব। এছাাও রিপোর্টে রয়েছে ভারতের জাতীয় পরিস্থিতি, নিঃসরণ প্রতিরোধী কার্যাবলী সংক্রান্ত তথ্য, বিভিন্ন বাধা এবং এ সংক্রান্ত আর্থিক বিষয়, প্রযুক্তি এবং ক্ষমতাবর্ধনের প্রয়োজনীয়তা সংক্রান্ত বিশ্লেষণ।সোশ্যাল মিডিয়ায় একটি পোস্টে কেন্দ্রীয়পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব

বিশ্বের অর্থ ব্যবস্থার তালিকায় ১০ নম্বর থেকে ৫ নম্বরে

নয়াদিল্লি(পিআইবি),৪জানুয়ারি: আজাদি কা অমৃত মহোৎসবে যখন দেশ উন্নত হওয়ার লক্ষ্যে কাজ করে চলেছে তখন আপনাদের সরকারি চাকুরিতে আসা এক বিশেষ গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এটি আপনাদের পরিশ্রমের ফল। আমি যারা নিয়োগপত্র পেয়েছেন সেইসব যুবক-যুবতীদের ও তাদের পরিবার পরিজনকে অনেক অনেক অভিনন্দন জানাই, অনেক অনেক শুভ কামনাও জানাচ্ছি। বন্ধুগণ,স্বধীনতার এই অমৃতকালে আমি সব দেশবাসীকে আগামী ২৫ বছরে ভারতকে উন্নত করার সংকল্প গ্রহণের আহ্বান জানাই। আগামী ২৫ বছর আপনাদের সকলের সঙ্গে জন্য যেমন গুরুত্বপূর্ণ তেমনিই দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমানে সমগ্র বিশ্বে ভারতের প্রতি যে চিন্তাভাবনা তৈরি হয়েছে, বিংশ জন্মেছে, আকর্ষণ তৈরি হয়েছে, এই সবকিছুর সম্পূর্ণ লাভ গ্রহন করতে হবে। আপনারা দেখেছেন যে ভারত মাত্র ৯ বছরে বিশ্বের অর্থ ব্যবস্থার তালিকায় ১০ নম্বর থেকে ৫ নম্বরে উঠে এসেছে। বর্তমানে প্রায় সব বিশেষজ্ঞরাই বলছেন, আগামী কয়েক বছরে ভারত দুনিয়ায় প্রথম তিনটি অর্থনীতির দেশের তালিকায় উঠে আসবে। প্রথম তিনটি অর্থনীতির দেশের তালিকায় উঠে আসা ভারতের জন্য এক অসামান্য সাফল্য হবে। কারণ সব ক্ষেত্রেই চাকুরির সম্ভাবনা বাড়বে, দেশের সাধারণ নাগরিকদের আয়ও বাড়বে। সব সরকারি কর্মচারীদের জন্যও এর থেকে বড় সুযোগ আর কিছু হতে পারবে না। আপনাদের সিদ্ধান্ত, আপনাদের পদক্ষেপ দেশহিতের জন্য, গুরুত্বপূর্ণ হয়ে উঠবে এবং দেশের উন্নয়নে গতি সঞ্চার করবে। এইটাই আমি বিশ্বাস করি। এই সুযোগ, এই চ্যালেঞ্জ এবং এই সম্ভাবনা সবকিছুই আপনাদের সামনে রয়েছে। আপনারা এই অমৃতকালে দেশ সেবার বিশেষ সুযোগ পেয়েছেন। দেশের জনগণের জীবন সহজ করতে তাদের সমস্যা়ার সমাধান করতে আপনাদের এগিয়ে আসতে হবে, এটাই হল্যা উচিত আপনাদের প্রাথমিক লক্ষ্য। আপনারা যে বিভাগেই নিয়োগপত্র পেয়ে থাকুন না কেন, যে শহর বা গ্রামেই তা হোক, সর্বদা এ কথা মনে রাখবেন যেন আপনাদের কাজের ফলে জনগণের জীবনযাপন সহজ হয়, দ্বিতীয়বারে নেওয়া যাক পরিষে্বের জন্য পাশাপাশি আগামী ২৫ বছরের মধ্যে

উন্নত ভারত তৈরির জন্য অনুকূল পরিস্থিতির সৃষ্টি হয়। কখনও কখনও আপনাদের ছোট্ট একটি প্রয়াস কারও কারও ক্ষেত্রে দীর্ঘ কয়েক মাসের প্রতীক্ষার অবসান ঘটতে পারে। তদেন্তে কোনো বিকল হতে যাওয়া কাজ সাফল্য অর্জন করতে পারে। আপনারা আমার একটি কথা অবশ্যই মনে রাখবেন, জনতা কর্মজীবন আশার পাত্র। আমরা এই পরিস্থিতি থেকে ব্যাকিং ক্ষেত্রে এবং দেশকে উদ্ধার করছি। একের পর এক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে পরিস্থিতির উন্নতি হয়েছে। আমরা সরকারি ব্যাঙ্কগুলিতে ম্যানেজমেন্ট ওপর মজবুত করছি। পেশাদারিত্বের গুণের জোর দিয়েছি। আমরা দেশের ছোট ছোট ব্যাঙ্কগুলিকে একত্রিত করে বড় ব্যাঙ্ক তৈরি করেছি। আমরা এই সুনিশ্চিত করছি যে ব্যাঙ্কে সাধারণ নাগরিকের ও লক্ষ টাকা পর্যন্ত অর্থ কখনও হারিয়ে না যায়। কেননা ব্যাঙ্কের প্রতি সাধারণ নাগরিকের বিশ্বাস মজবুত করা অত্যন্ত জরুরি ছিল। বেশ কিছু কর্পোরেট ব্যাঙ্ক তখন ডুবতে বসেছিল। সাধারণ জনগণের পরিশ্রমের অর্থ ছুঁতে যাচ্ছিল, এইজন্য আমরা এই সীমা ১ লক্ষ থেকে বাড়িয়ে ৫ লক্ষ টাকা করেছি। এর ফলাফল এখন আপনাদের সামনে। যেসব সরকারি ব্যাঙ্কে হাজার হাজার টাকা ক্ষতি নিয়ে আলোচনা হত বর্তমানে সেইসব ব্যাঙ্কেরই রেকর্ড পরিয়ান মুনাফা নিয়ে আলোচনা হয়।বন্ধুগণ,ভারতের মজবুত ব্যাঙ্ক ক্ষেত্র এবং ব্যাঙ্কের প্রত্যেক কর্মচারি বিগত ৯ বছরে সরকারের দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামুজ্য রেখে কাজ করেছেন। এইজন্য আমরা সন্তোষগীত বাজ্যে করছি। ব্যাঙ্কে কর্মরত আমার সব কর্মচারী ভাই-বোনদের তাঁদের কঠোর পরিশ্রমের মাধ্যমে এই সফট কসহদের ব্যাঙ্ক ক্ষেত্রে বের করে আনার জন্য এবং দেশের অর্থ ব্যবস্থাকে মজবুত করার জন্য ধন্যবাদ জানাই। ব্যাঙ্কের কর্মচারীরা কখনও আমার লক্ষ্যকে ভ্রষ্ট হতে দেননি। আমার চিন্তাভাবনাকেও নিরাশ করেননি। আমার শ্রমে আছে যখন জনধন যোজনা শুরু হয়েছিল তখন পুরনো ধ্যান ধারনার মানুষ এই বিষয়টিতে প্রশ্নের পর প্রশ্ন তোলেন। যেসব দরিদ্র মানুষের কাছে অর্থ নেই তারা ব্যাঙ্ক ব্যাঙ্কটিউট খুলে কী করবেন? সেই প্রশ্ন ওঠে বার বার। ব্যাঙ্কের ওপর অযথা চাপ বাড়ে, ব্যাঙ্কের কর্মচারীরা কী করে কাজ করবেন সেই প্রশ্নও উঠেছিল। নানাভাবে

খণের পর খণ গ্রহণ। এই ফোনের মাধ্যমে ব্যাঙ্ক পরিষেবার কেলেঙ্কারি পূর্ববর্তী সরকারের সময়েও বড় দুর্নীতির মধ্যে অন্যতম। পূর্ববর্তী সরকারের এই দুর্নীতির জন্য দেশের ব্যাঙ্ক ব্যবস্থা দুর্দল হয়ে পড়েছিল। ২০১৪ সালে আপনারা আমাকে ক্ষমতায় এনে দেশের সেবা করার সুযোগ দিয়েছেন। ২০১৪ সালে ক্ষমতায় আসার পর আমরা এই পরিস্থিতি থেকে ব্যাঙ্কিং ক্ষেত্রে এবং দেশকে উদ্ধার করছি। একের পর এক পদক্ষেপ গ্রহণের মাধ্যমে পরিস্থিতির উন্নতি হয়েছে। আমরা সরকারি ব্যাঙ্কগুলিতে ম্যানেজমেন্ট ওপর মজবুত করছি। পেশাদারিত্বের গুণের জোর দিয়েছি। আমরা দেশের ছোট ছোট ব্যাঙ্কগুলিকে একত্রিত করে বড় ব্যাঙ্ক তৈরি করেছি। আমরা এই সুনিশ্চিত করছি যে ব্যাঙ্কে সাধারণ নাগরিকের ও লক্ষ টাকা পর্যন্ত অর্থ কখনও হারিয়ে না যায়। কেননা ব্যাঙ্কের প্রতি সাধারণ নাগরিকের বিশ্বাস মজবুত করা অত্যন্ত জরুরি ছিল। বেশ কিছু কর্পোরেট ব্যাঙ্ক তখন ডুবতে বসেছিল। সাধারণ জনগণের পরিশ্রমের অর্থ ছুঁতে যাচ্ছিল, এইজন্য আমরা এই সীমা ১ লক্ষ থেকে বাড়িয়ে ৫ লক্ষ টাকা করেছি। এর ফলাফল এখন আপনাদের সামনে। যেসব সরকারি ব্যাঙ্কে হাজার হাজার টাকা ক্ষতি নিয়ে আলোচনা হত বর্তমানে সেইসব ব্যাঙ্কেরই রেকর্ড পরিয়ান মুনাফা নিয়ে আলোচনা হয়।বন্ধুগণ,ভারতের মজবুত ব্যাঙ্ক ক্ষেত্র এবং ব্যাঙ্কের প্রত্যেক কর্মচারি বিগত ৯ বছরে সরকারের দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামুজ্য রেখে কাজ করেছেন। এইজন্য আমরা সন্তোষগীত বাজ্যে করছি। ব্যাঙ্কে কর্মরত আমার সব কর্মচারী ভাই-বোনদের তাঁদের কঠোর পরিশ্রমের মাধ্যমে এই সফট কসহদের ব্যাঙ্ক ক্ষেত্রে বের করে আনার জন্য এবং দেশের অর্থ ব্যবস্থাকে মজবুত করার জন্য ধন্যবাদ জানাই। ব্যাঙ্কের কর্মচারীরা কখনও আমার লক্ষ্যকে ভ্রষ্ট হতে দেননি। আমার চিন্তাভাবনাকেও নিরাশ করেননি। আমার শ্রমে আছে যখন জনধন যোজনা শুরু হয়েছিল তখন পুরনো ধ্যান ধারনার মানুষ এই বিষয়টিতে প্রশ্নের পর প্রশ্ন তোলেন। যেসব দরিদ্র মানুষের কাছে অর্থ নেই তারা ব্যাঙ্ক ব্যাঙ্কটিউট খুলে কী করবেন? সেই প্রশ্ন ওঠে বার বার। ব্যাঙ্কের ওপর অযথা চাপ বাড়ে, ব্যাঙ্কের কর্মচারীরা কী করে কাজ করবেন সেই প্রশ্নও উঠেছিল। নানাভাবে

মানসিক রোগের সঙ্গে সম্পর্কিত অবৈজ্ঞানিক বিশ্বাস ও কলঙ্ক অতীতের বিষয়ঃরাষ্ট্রপতি

বেঙ্গলুরু, ৪ জানুয়ারি : মানসিক রোগের সঙ্গে সম্পর্কিত অবৈজ্ঞানিক বিশ্বাস ও কলঙ্ক এখন অতীতের বিষয়। যারা বিভিন্ন রোগে ভুগছেন তাদের সাহায্য নেওয়া সহজ করে তোলে। এই মন্তব্য করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি বলেছেন, মন ও মস্তিষ্কের যত্ন নেওয়া বিশ্বজুড়ে আরও বেশি প্রাসঙ্গিক হয়ে উঠলে, আসন্ন বছরগুলিতে মানসিক স্বাস্থ্যের প্রচারের উপর আরও বেশি মনোনিবেশ করা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।রাষ্ট্রপতি শুক্রবার বেঙ্গলুরুতে ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস-এর সুবর্ণ জয়ন্তী উদযাপনের স্মরণে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভাষণ দেন। রাষ্ট্রপতি বলেন, নিম্নহ্যাল দেখিয়েছে যে স্বাস্থ্যসেবার আধুনিক ব্যবস্থাপ্তি মানসিক এবং শারীরিক উভয় যন্ত্রণা উপশম করতে যোগের মতো ঐতিহ্যবাহী পদ্ধতিগুলিকে সফলভাবে অন্তর্ভুক্ত করতে পারে।

কুয়াশায় দৃশ্যমানতা শূন্যে! দিল্লিতে জনজীবন বিপর্যস্ত, বিঘ্নিত ট্রেন পরিষেবা

নয়াদিল্লি, ৪ জানুয়ারি : হাড়কাপানো ঠান্ডা, একইসঙ্গে ঘন কুয়াশা- এই দুইয়ের দাপটে ট্রেন এবং বিমান পরিষেবা ব্যাহত রাজধানী দিল্লিতে। শনিবার সকালেও অতি ঘন কুয়াশার চাদরে আচ্ছন্ন থাকল জাতীয় রাজধানী। ঘন কুয়াশার কারণে রাজধানীর বেশির ভাগ জায়গায় দৃশ্যমানতা শূন্যে নামে যায়।দির্লি আন্তর্জাতিক বিমানবন্দরের দৃশ্যমানতা কমে যাওয়ায় বিমান পরিষেবা ব্যাহত হয়েছে। বিমানবন্দর সূত্রে খবর, বহু বিমান গুটানামায় দেরি হয়েছে। বিঘ্নিত হয়েছে ট্রেন পরিষেবাও। নতুন দিল্লি রেল স্টেশন থেকে অনেক ট্রেন দেরিতে ছেড়েছে।অন্যদিকে শ্রীনগর,তেশের বিভিন্ন

রাজ্যের মতো কাম্মীর উপত্যকাও শনিবার সকালে ঘন কুয়াশার চাদরে আচ্ছন্ন থাকল। কুয়াশা এটাইই বেশি ছিল যে, শ্রীনগর বিমানবন্দরে উান পরিষেবা বিঘ্নিত হয়েছে।শনিবার সকালে শ্রীনগর-সহ কাম্মীর উপত্যকার নানা প্রান্তে কুয়াশাচ্ছন্ন ছিল। কুয়াশা এটাইই বেশি ছিল যে, শ্রীনগর বিমানবন্দর থেকে বিমান গুটানামায় সমস্যা হয়। সকালের দিকের সমস্ত বিমান পিছিয়ে দেওয়া হয়েছে।অন্যদিকে শ্রীনগরতে, কনকনে ঠান্ডায় কাঁপছে কাম্মীর উপত্যকা, প্রবল শীতের মধ্যেই শনিবার ঘন কুয়াশার চাদরে আচ্ছন্ন ছিল শ্রীনগর-সহ কাম্মীর উপত্যকার বিভিন্ন প্রান্ত। ঠান্ডা যত বাড়ছে, ততই শ্রীনগরের ডাল লেকের জল জমে বরফে পরিণত হয়েছে।শনিবার দেখা যায়, ডাল লেকের জলের উঁচর বরফের হালকা আচ্ছন্ন পড়েছে। শ্রীনগর কাঁপছে কনকনে ঠান্ডায়। সেখানে এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ২ ডিগ্রি সেলসিয়াস।

বিশ্বাস ও কলঙ্ক অতীতের বিষয়ঃরাষ্ট্রপতি

বেঙ্গলুরু, ৪ জানুয়ারি : মানসিক রোগের সঙ্গে সম্পর্কিত অবৈজ্ঞানিক বিশ্বাস ও কলঙ্ক এখন অতীতের বিষয়। যারা বিভিন্ন রোগে ভুগছেন তাদের সাহায্য নেওয়া সহজ করে তোলে। এই মন্তব্য করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। রাষ্ট্রপতি বলেছেন, মন ও মস্তিষ্কের যত্ন নেওয়া বিশ্বজুড়ে আরও বেশি প্রাসঙ্গিক হয়ে উঠলে, আসন্ন বছরগুলিতে মানসিক স্বাস্থ্যের প্রচারের উপর আরও বেশি মনোনিবেশ করা আরও গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।রাষ্ট্রপতি শুক্রবার বেঙ্গলুরুতে ন্যাশনাল ইনস্টিটিউট অফ মেন্টাল হেলথ অ্যান্ড নিউরো সায়েন্সেস-এর সুবর্ণ জয়ন্তী উদযাপনের স্মরণে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু ভাষণ দেন। রাষ্ট্রপতি বলেন, নিম্নহ্যাল দেখিয়েছে যে স্বাস্থ্যসেবার আধুনিক ব্যবস্থাপ্তি মানসিক এবং শারীরিক উভয় যন্ত্রণা উপশম করতে যোগের মতো ঐতিহ্যবাহী পদ্ধতিগুলিকে সফলভাবে অন্তর্ভুক্ত করতে পারে।

কুয়াশায় দৃশ্যমানতা শূন্যে! দিল্লিতে জনজীবন বিপর্যস্ত, বিঘ্নিত ট্রেন পরিষেবা

নয়াদিল্লি, ৪ জানুয়ারি : হাড়কাপানো ঠান্ডা, একইসঙ্গে ঘন কুয়াশা- এই দুইয়ের দাপটে ট্রেন এবং বিমান পরিষেবা ব্যাহত রাজধানী দিল্লিতে। শনিবার সকালেও অতি ঘন কুয়াশার চাদরে আচ্ছন্ন থাকল জাতীয় রাজধানী। ঘন কুয়াশার কারণে রাজধানীর বেশির ভাগ জায়গায় দৃশ্যমানতা শূন্যে নামে যায়।দির্লি আন্তর্জাতিক বিমানবন্দরের দৃশ্যমানতা কমে যাওয়ায় বিমান পরিষেবা ব্যাহত হয়েছে। বিমানবন্দর সূত্রে খবর, বহু বিমান গুটানামায় দেরি হয়েছে। বিঘ্নিত হয়েছে ট্রেন পরিষেবাও। নতুন দিল্লি রেল স্টেশন থেকে অনেক ট্রেন দেরিতে ছেড়েছে।অন্যদিকে শ্রীনগর,তেশের বিভিন্ন রাজ্যের মতো কাম্মীর উপত্যকাও শনিবার সকালে ঘন কুয়াশার চাদরে আচ্ছন্ন থাকল। কুয়াশা এটাইই বেশি ছিল যে, শ্রীনগর বিমানবন্দরে উান পরিষেবা বিঘ্নিত হয়েছে।শনিবার সকালে শ্রীনগর-সহ কাম্মীর উপত্যকার নানা প্রান্তে কুয়াশাচ্ছন্ন ছিল। কুয়াশা এটাইই বেশি ছিল যে, শ্রীনগর বিমানবন্দর থেকে বিমান গুটানামায় সমস্যা হয়। সকালের দিকের সমস্ত বিমান পিছিয়ে দেওয়া হয়েছে।অন্যদিকে শ্রীনগরতে, কনকনে ঠান্ডায় কাঁপছে কাম্মীর উপত্যকা, প্রবল শীতের মধ্যেই শনিবার ঘন কুয়াশার চাদরে আচ্ছন্ন ছিল শ্রীনগর-সহ কাম্মীর উপত্যকার বিভিন্ন প্রান্ত। ঠান্ডা যত বাড়ছে, ততই শ্রীনগরের ডাল লেকের জল জমে বরফে পরিণত হয়েছে।শনিবার দেখা যায়, ডাল লেকের জলের উঁচর বরফের হালকা আচ্ছন্ন পড়েছে। শ্রীনগর কাঁপছে কনকনে ঠান্ডায়। সেখানে এদিন সর্বনিম্ন তাপমাত্রা ছিল মাইনাস ২ ডিগ্রি সেলসিয়াস।

ধরিত্রী এখন বিপদের মুখে, উদ্ব্বেগ প্রকাশ শিবরাজের



নয়াদিল্লি, ৪ জানুয়ারি : ধরিত্রী এখন বিপদের মুখে, উদ্ব্বেগ প্রকাশ করে বললেন কেন্দ্রীয় মন্ত্রী শিবরাজ সিং চৌহান। বৃহদ্রকারে বাঁচতে বৃক্ষরোপণের ওপর জোর দিয়েছেন শিবরাজ সিং চৌহান।শনিবার সাংবাদিকদের মুখোমুখি হয়ে শিবরাজ সিং চৌহান বলেছেন, পৃথিবী এখন বিপদে রয়েছে। পরিবেশের এভাবে অবনতি ঘটতে থাকলে এখন প্রশ্ন হচ্ছে, আগামী প্রজন্মের জন্য পৃথিবী ব্যবয়োগ থাকবে কিনা। পরিবেশ সংরক্ষণের জন্য আমাদের অভিযান চালাতে হবে। আমাদের প্রচার করার দরকার নেই, তবে অন্যদের অনুপ্রাণিত করার জন্য কিছু তো করতেই হবে। প্রতিদিন চারাগাছ রোপণের সিদ্ধান্ত নিয়েছি আমি। ২০২১ সালের ১৯ ফেব্রুয়ারির পর থেকে এমন কোনও দিন যায়নি, যেদিন আমি একটি চারাগাছ রোপণ করিনি।

বলিভিয়ায় দাবানল মোকাবিলায় সহায়তা ভারতের নয়াদিল্লি, ৩ জানুয়ারিঃবলিভিয়ায় দাবানল মোকাবিলায় অগ্নিনির্বাপক সংক্রান্ত সহায়তা পাঠাচ্ছে ভারত। বিশেষ মন্ত্রকের মুখপাত্র রণধীর জয়সওয়াল বলেন, মানবিক সহায়তার মধ্যে রয়েছে অগ্নিনির্বাপক সরঞ্জাম, প্রাথমিক চিকিৎসা সরঞ্জাম, গুণ্ধ এবং অন্যান্য দরকারি জিনিস। মোট ১৬ টন অগ্নিনির্বাপক সরঞ্জাম এবং ত্রাণসামগ্রী পাঠানো হচ্ছে। এই সহায়তা দাবানলের কারণে পরিবেশের সংকট এবং স্বাস্থ্য সমস্যা মোকাবিলায় সাহায্য করবে।

চিন্ময় দাস ও শ্যামা প্রসাদের বন্দিদশার তুলনা তথাগতের

কলকাতা, ৩ জানুয়ারি : চিন্ময় দাস প্রভুর বগিন্দশার সঙ্গে শ্যামা প্রসাদ মুখার্জির বন্দিদশার তুলনা খুঁজলেন প্রাক্তন রাজ্যপাল তথাগত রায়।দাস শুক্রবার তথাগতবাবু এক্সবার্ভার্স লিখেছেন, তুচ্ছ অভিযোগে চিন্ময় দাস প্রভুর বন্দি হওয়াট। ১৯৫৩ সালে শ্রীনগরে শেখ আবদুল্লাহর হাতে উদ্ভূত শ্যামা প্রসাদ মুখার্জির বন্দি হওয়ার মতোই। আবদুল্লাহ শ্যামা প্রসাদকে ধীরগতির বিষ প্রয়োগ করেছিলেন বলে বিশ্বাস করার কারণ আছে। নিদেনপক্ষে, হেফাজতে থাকাকালীন তাঁর সিকিৎসাকে অপরাধমূলকভাবে অবহেলা করা হয়েছিল। যার ফলে তিনি মারা যান। তারপর নেহেরু তাঁর মায়ের অনুরোধে সত্বেও তাঁর মৃত্যুর বিষয়ে যে কোনও তদন্ত করাননি। চিন্ময় দাস প্রভুর ক্ষেত্রেও তেমন কিছু ঘটলে বাংলাদেশকে মূল্য দিতে হবে।কিন্তু ভারতে আমরা মুসলমানদের পক্ষ নিই। সুতরাং ভারতে হোক বা বাংলাদেশে, মুসলমানরা উভয় জগতের সেরাটি পায় যখন হিন্দুরা দুভাবেই ছোট হয়। কারণ মোহাম্মদস গান্ধী এবং ‘ নেহেরু এরকম নির্দেশ করতেননা। আর মনমোহন সিং সেটাই পুনর্ব্যক্ত করেছেন। এখন, এটা কি ন্যায়বিচার?

দিিল্লি বিধানসভা নির্বাচনের প্রার্থীতালিকা প্রকাশ বিজেপির, কেজরির বিরুদ্ধে লড়বেন পরভেশ

নয়াদিল্লি, ৪ জানুয়ারি : দিল্লি বিধানসভা নির্বাচনের জন্য প্রথম প্রার্থী তালিকা প্রকাশ করলো বিজেপি। এই তালিকায় মোট ২৯ জন প্রার্থীর নাম রয়েছে। নতুন দিল্লি, আর কে পুরম, গান্ধী নগর, রোহতাস নগর, কানকাজি প্রভৃতি আসনের প্রার্থী তালিকা প্রকাশ করেছে বিজেপি।পরভেশ নায়ী নতুন দিল্লি বিধানসভা আসন থেকে প্রতিদ্বন্দিতা করবেন, এই আসনে এপ্রাণি প্রাণী অরবিন্দ কেজরিরওয়াল কলোলাব গণকে দুয়্যন্ত দৌতম, রাজৌরি গার্ডেন থেকে মনজিন্দর সিং সিরসা, বিজবাসন থেকে কৈলাশ গোলট, গান্ধী নগর থেকে অরবিন্দর সিং লাভলি প্রমুখ।

নতুন বছরে নয়া রেজল্যুশনের মতো চুক্তিভিত্তিক এসআর’রা

দুরন্তবারা,৪জানুয়ারিঃনতুন বছরে নয়া রেজল্যুশনের মতো চুক্তিভিত্তিক এসআর’রা যদি গ্রিসে সন্ময়ের জন্য চিকিসা পরিষেবা দিতে না যান, তাঁদের বেতেনই দ্বন্দ্ব হয়ে যাবো ন্যাবায়ের নির্দেশে গত ২৬ ডিসেম্বর এই মর্মে আদেশনামা জারি করেছে স্বাস্থ্যদপ্তর। তাতে রাজ্যের সব মেডিক্যাল কলেজের ডাক্তারদের বা প্রাণী হাসপাতালে নির্ধারিত সময়ে বড় সার্ভিসের চিকিৎসকরা না গেলে তাঁদের ভাতা বন্ধ করে দিতে হবে।’ অর্থাৎ, বন্ড সার্ভিসের তিন বছর এসআর’রা মাসে ৬৫ থেকে ৭৫ হাজার টাকা করে যে ভাতা পান, তা বন্ধ হয়ে যাবে।পাশের পর স্বাস্থ্যদপ্তরের অধীনে কর্মরত সিনিয়র রেসিডেন্ট ডাক্তারদের সংখ্যা ১ হাজার ১০০’র বেশি। তাদের ক্ষেত্রেই নয়া আদেশনামা কার্যকর হচ্ছে। স্বাস্থ্যদপ্তরের এক শীর্ষ সূত্র জানিয়েছে, এরপর এসআর’রা বড় সার্ভিসের নিয়ম মতো জনস্বার্থে গ্রামে না গেলে ভাতা বন্ধ তে হবেই। পাশাপাশি, মেসব মেডিক্যাল কলেজে তাঁরা পড়ছেন, সেখানকার অধ্যক্ষ উপাধ্যক্ষগণ শান্তি রক্ষা পেতে পারেন। কারণ, পড়ছেন জাণে যে না, অত্থা তাঁরা নিয়মকে কাঁকসা দেখিয়ে বছর বছর দেখানো থেকে যানেন, এমনটা হওয়া অসম্ভব।

দুরন্ত বার্তা

বাংলার পাট গুণমানে সর্বশ্রেষ্ঠঃগিরিরাজ সিং



সোদপুর, ৪ জানুয়ারি : বাংলার পাট গুণমানে সর্বশ্রেষ্ঠ, এমনটাই মন্তব্য করলেন কেন্দ্রীয় মন্ত্রী গিরিরাজ সিং। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং শুক্রবার উত্তর ২৪ পরগনার সোদপুরে এক বেসরকারি সংস্থায় রাষ্ট্রীয় বস্ত্র সংস্থানিকেন্টর প্রযুক্তি দিয়ে তৈরি প্রাকৃতিক তন্ত উৎপাদনের তিনটি যন্ত্রের উদ্বোধন করেন। ওই সংস্থাটি ঘুরে দেখার পাশাপাশি তিনি তৈরি প্রাকৃতিক তন্ত উৎপাদনের একটি ছুটিমিল মালিকের সঙ্গে কথা বলেন। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, বাংলার পাট গুণমানে সর্বশ্রেষ্ঠ। বাংলায় পাটশিল্পের প্রসারে তিনি শিল্পপতিদের এগিয়ে আসার আহ্বান জানান।

আবহাওয়া

বছর শুরুতে পারদ-পতনের পূর্বাভাস দিল আলিপুর আবহাওয়া দফতর। উত্তরে হাওয়ার দাপটে বছরের শেষে ফের ফিরতে চলেছে শীতের আমেজ। আগামী ২৪ ঘণ্টায় তাপমাত্রার বিশেষ হেরফের না হলেও তারপর এক ধাক্কায় ৩ থেকে ৪ ডিগ্রি পারদ-পতন হতে পারে। নতুন বছর শুরু হওয়ার পর অনুভূত হবে শীতের আমেজ। সঙ্গে কুয়াশার চাদরে ঢাকবে বঙ্গের বেশিরভাগ জেলা। আলিপুর আবহাওয়া দফতর জানিয়েছে, আগামী ২৪ ঘণ্টায় রাতের তাপমাত্রা পরিবর্তন না হলেও তার পর থেকে তাপমাত্রা বেশ খানিকটা কমার সম্ভাবনা রয়েছে। সোমবার কলকাতার সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৭.৬ ডিগ্রি সেলসিয়াস। সোমবার থেকে রাতের তাপমাত্রা ধীরে ধীরে কমবে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। ফলে বছরের শেষে ফিরতে পারে শীতের আমেজ। কলকাতার পারদ ১৪ ডিগ্রির নীচে নেমে যেতে পারে।জোয়ার-সকাল ৯ টা ৫৮ মিনিট এবং রাত ০৯টা ৫৯ মিনিট। ভাটা-সকাল ৮ টা ৫৮মিনিট এবং রাত ২ টা ৫৪মিনিট। সূর্যঃউদয় সকাল ৬টা ৪৫মিনিট এবং অস্ত ৪টা ৫৬মিনিট

পূর্ণাঙ্গ পাঞ্জকা

১৯ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ, শনিবার, ইংরেজীঃ৪জানুয়ারি ২০২৪, ৫৩৮ চৈত্রাব্দ, কলিঃ৫১২৫, সৌরঃ১৭ পৌষ, চান্দ্রঃ ৩০ নারায়ন মাস, ১৯৪৬ শকাব্দ ২০৮১ বিক্রম সাংঘ, ২৫৪৬ বুদ্ধাব্দঃ, বাংলাবঙ্গঃ১৯ পৌষ ১৪৩১, ভারতীয় সিডিঃ১১১ পৌষ ১৯৪৬, মৌতঃ৩০ পৌমিনু, আসাদঃ১৪ পুহ, মুসলিমঃ২৮-জামাদিউ স-সানি ১১৮৬ হিজরী।সূর্য উদয়ঃসকাল ০৬ঃ১৮ঃ ৩৭ এবং অস্তঃবিকাল ০৪ঃ৫৯ঃ ২৭।চন্দ্র উদয়ঃসকাল ০৫ঃ৪২ঃ ১৮(৩০) এবং অস্তঃবিকাল ০৪ঃ ২১ঃ৫০(৩০)।কৃষ্ণ পক্ষ তিথিঃ আমাবস্যা (পূর্ণা) শেষ রাত্রি ঘ ০৪ঃ ০

জনপ্রতিনিধিদের এহেন আচরণ সুস্থ পরিবেশ নষ্ট করছে, থানায় অভিযোগ সমাজকর্মীর

কলকাতা, ৪ জানুয়ারিঃ রাজ্যের মন্ত্রী বাবুল সুপ্রিয় এবং বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় নজিরবিহীনভাবে বাকবিতণ্ডায় জড়িয়ে পড়ায় ওই দুই জনপ্রতিনিধির বিরুদ্ধে এবার হাওড়া ও কলকাতা পুলিশ কমিশনারেটে অভিযোগ দায়ের করলেন হাওড়ার এক সমাজকর্মী। তাঁর অভিযোগ, জনপ্রতিনিধিদের এহেন আচরণ সুস্থ পরিবেশ নষ্ট করছে। তাই তাদের বিরুদ্ধে অন্তরীক্ষণ ব্যবস্থা নেওয়া দরকার। শুক্রবার রাতে তাঁদের এই বচসার

বলছেন, জনপ্রতিনিধিরা এভাবে যদি অশ্রাব্য ভাষায় নিজদের মধ্যে গালিগালাজ করতে থাকেন, তাহলে তো সুস্থ পরিবেশ নষ্ট হচ্ছে। সংসদেই যান বা বিধানসভায় যান, তাঁরা তো সকলের জন্য কাজ করেন। আজকের তরুণ প্রজন্ম তাঁদের থেকে কী শিখবে? প্রতাপবাবুর দাবি, রাতে যে এতক্ষণ দ্বিতীয় ছগলি সেতু আটকে রাখা হল, এত পুলিশকর্তা সেখানে গেলেন, তাঁরা কি বাবুল সুপ্রিয় বা অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নিয়েছেন? সেই

কাকুর শারীরিক অবস্থার কথা জানতে চাইলো সিবিআইয়ের বিশেষ আদালত

কলকাতা, ৪ জানুয়ারি : কালীঘাটের কাকুর শারীরিক অবস্থার কথা জানতে চাইলেন সিবিআইয়ের বিশেষ আদালতের বিচারক। শনিবার আদালতে নিয়োগ দুর্নীতি মামলার শুনানি চলাকালীন ফের তাঁর প্রসঙ্গ উঠল। প্রাথমিক দুর্নীতি মামলায় চার্জগঠন আটকে ‘কালীঘাটের কাকু’র জন্য! বোমারকারি হাসপাতালে চিকিৎসাবীন সুজয়কৃষ্ণ ভদ্র। সুজয়কৃষ্ণের আইনজীবী সোমনাথ সান্যালকে বিচারক প্রশ্ন করেন, ‘‘আপনার মক্কেল ব্রেকফাস্ট করল? জ্ঞান আছে না নেই? জ্ঞানতে চান বিচারক। জ্বাবের



আইনজীবী সোমনাথ সান্যাল জানান, ‘‘জ্ঞান আছে। জ্ঞান মাঝেমাঝে আসছে যাচ্ছে। এখনও আইসিইউতে ভর্তি আছেন। প্রাথমিক নিয়োগ দুর্নীতি মামলায়

চার্জগঠনের দিন অর্থাৎ ৬০ ডিসেম্বর আদালতে আসার পথেই জ্ঞান হারান সুজয়কৃষ্ণ। সেই সময় প্রথমে তাঁকে এসসকেএম, রাতে নিউ আলিপুরের বেসরকারি হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ছিলেন আইসিইউতে। পরে সিসিইউতে পাঠানো হয়। বুধবার রাতে তাঁকে বাইপাসের বেসরকারি হাসপাতালে স্থানান্তর করা হয়। এদিন সুজয়কৃষ্ণ আদালতে হাজির না থাকায় চার্জগঠন ৬ জানুয়ারি পর্যন্ত মুলতবি রয়েছে। কিন্তু আদালতে আইনজীবীর মন্তব্যের সঙ্গে মেডিক্যাল রিপোর্টের ফারাক বিস্তর বলে জানা যাচ্ছে।

গঙ্গাসাগর মেলায় অগ্নি নির্বাপক ব্যবস্থাকে ঢেলে সাজাচ্ছেন দমকল মন্ত্রী

তাপস পাল, গঙ্গাসাগর, ৪ জানুয়ারিঃ সমগ্র গঙ্গাসাগর মেলা প্রাঙ্গণ অগ্নি নির্বাপক ব্যবস্থাকে ঢেলে সাজাচ্ছেন দমকল মন্ত্রী সুজিত বোস। আজ তিনি গঙ্গাসাগরে এসে সাংবাদিকদের তিনি এই কথা জানান। সঙ্গে উপস্থিত ছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বক্রিমচন্দ্র হাজরা, গঙ্গাসাগর ও বকখালি উন্নয়ন পর্ষদের চেয়ারম্যান তথা দক্ষিণ ২৪ পরগনা জেলা পরিষদের সহকারী সভাপতি শ্রীমন্ত কুমার মলি, উপস্থিত ছিলেন কায়ার সার্ভিস আধিকারিক অভিজিৎ পাণ্ডে, অতিরিক্ত জেলাশাসক অনি ক দাসগুপ্ত সহ প্রমুখ ব্যক্তিবর্গ। অন্যান্য বছরের তুলনায় এই বছর কয়েক লক্ষ ভক্তের সমাগম হতে পারে। তাই কায়ার সার্ভিসের অনেক বেশি কর্মী



এই মেলায় মোতায়ন করা হবে। সবমিলিয়ে ২৯৯টা হাইড্রেন পয়েন্ট থাকবে। ইতিমধ্যে হাইড্রেন পয়েন্ট গুলো ঢেঁকিং চলছে। তিনি আরো বলেন, মুখ্যমন্ত্রী প্রছন্দ করেন গতবছর ৫০ টি জরুরি মটর সাইকেল ছিল। কিন্তু এই বছর বাড়িয়ে সেটা ৭৫টি করা হচ্ছে।

যেকোনো পরিস্থিতিতে কোথাও আগুন লাগলে অনায়াসে সামাল দিতে পারবে।

অন্যদিকে ইলেকট্রিক সেট এর ওপরেও জোর দেওয়া হবে। তাই অন্যান্য বছরের তুলনা এই বছর পুরো মেলা প্রাঙ্গণটিতে থাকছে বাড়তি নজরদারি ও।

আরপিএফ কর্মীর সাহসীকতার কারণে বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেলেন জনৈক রেলযাত্রী

দূরন্ত বার্তা, হাওড়া, ৪ জানুয়ারিঃ আরপিএফের এক কর্মীর সাহসীকতার কারণে বড়সড় দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেলেন জনৈক রেলযাত্রী। বৃহস্পতিবার সন্ধ্যায় চলন্ত ট্রেনে ওঠার সময় নিয়ন্ত্রণ হারিয়ে প্ল্যাটফর্মে পড়ে যান তিনি। তখনই প্রাটফর্মে কর্তব্যরত হাওড়া উত্তর পোস্টের রেলওয়ে প্রোটেকশন ফোর্সের জনৈক কনস্টেবল তাঁর জীবন বাঁচান। রেল সূত্রে জানা গিয়েছে ওইদিন পৌনে আটটা নাগাদ হাওড়া রেলওয়ে স্টেশনের গল্ড কমপ্লেক্সের ৩ নম্বর প্ল্যাটফর্ম থেকে হাওড়া-ভারকেশ্বর লোকাল ছেড়েছিল। ট্রেনটি

নিরাপদে যাতে যেতে পারে তারজন্য সেখানে ডিউটিতে ছিলেন আরপিএফ এর কনস্টেবল অভিষেক কুমার। ওই সময় এক পুরুষ যাত্রী চলমান ট্রেনে ওঠার সময় অসাবধানতাবশত ভারসাম্য হারিয়ে প্ল্যাটফর্মে পড়ে যান। তিনি বিপজ্জনকভাবে ট্রেন এবং প্ল্যাটফর্মের ফাঁকে ক্যাচকাছি চলে আসেন। যাত্রীর এমন পরিস্থিতি দেখে সময় নষ্ট না করে মুহূর্তের মধ্যে কনস্টেবল অভিষেক কুমার ঘটনাস্থলে ছুটে আসেন এবং সেই যাত্রীকে ঘটনাস্থল থেকে টেনে দূরে সরিয়ে দিয়ে মৃত্যু মুখ থেকে রক্ষা করেন।

স্ট্রীকে খুন করে আত্মঘাতি স্বামী

দূরন্ত বার্তা, সোনারপুর, ৪ জানুয়ারিঃ স্ট্রীকে খুন করে আত্মঘাতি স্বামী সোনারপুরেআর এই ঘটনায় চাঞ্চল্য ছড়ালো এলাকায়। বিছানায় পড়ে আছে স্ত্রীর নিখার দেহ।ওই ঘরেই বুলছেন স্বামী। আড়াই বছরের শিশুর কান্নায় দম্পনতির রহস্যমণ্ডুর খবর টের পান প্রতিবেশীরা।দক্ষিণ ২৪ পরগনার কুলপি থানা এলাকার বাসিন্দা শশধর হালদার এবং পালেল হালদার।৫ বছর আগে বিয়ে হয় তাঁদের। আড়াই বছরের সন্তানও রয়েছে। শশধর পেশায় হকার।ট্রেনে ঘুরে ঘুরে স্ট্রীকে করেন তিনি। সম্প্রতি সোনারপুর থানার মথুরাপুরে বাড়ি ভাড়া নেন ঐ দম্পনটি। প্রতিবেশীরা জানান, শুক্রবার রাত থেকে ওই দম্পনতির কোনও সাড়াশব্দ পাওয়া যায়নি। শনিবার সকালে আড়াই বছরের শিশু সন্তানকে কাদতে কাদতে

বাড়ির বাইরে ঘোরাফেরা করতে দেখেন প্রতিবেশীরা।তাহতেই তাদের সন্দেহ হয়। দম্পনতির খোঁজে বাড়ির ভিতরে ঢোকেন তাঁরা। ঘরে ঢুকে চমকে যান তাঁরা। তাঁরা দেখেন, ঘরে বিছানার উপরে পড়ে রয়েছেন গৃহবধূ পায়েলের দেহ। তাঁর গলার নলিকাটা।

ওই ঘরেই সিলিং ফ্যান থেকে বুলছেন তাঁর স্বামী শশধরের দেহ। পুলিশ ঘটনাস্থলে পৌঁছে দেহ দুটি উদ্ধার করে ময়নাতদন্তে পাঠায়। পুলিশের প্রাথমিক অনুমান, বাড়িতে থাকা ফল কাটার ছুরি দিয়ে গলার নলি কেটে স্ট্রীকে খুন করেন শশধর। পরে আত্মঘাতী হন তিনি। সাংসারিক অশান্তি নাকি হত্যাকাণ্ডের নেপথ্যে অন্য কোনও কারণ রয়েছে, তা খতিয়ে দেখছে পুলিশ।আর এই ঘটনায় এলাকায় চাঞ্চল্য ছড়ায়।পুরো ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

হয়। এই মিছিল কয়েক হাজার মহিলা তৃণমূল কংগ্রেস কর্মী অংশগ্রহণ করেন। অন্যদিকে হাওড়া গ্রামীণ জেলা তৃণমূল মহিলা কংগ্রেসের উদ্যোগে শনিবার বিকেলে উলুবেড়িয়ার রাজ পথে অপরাজিতা বিলকে আইনে প্রণয়নের দাবিতে মহামিছিল অনুষ্ঠিত হয়।

উলুবেড়িয়া স্টেশন থেকে মহকুমা শাসকের অফিসের সামনে পর্যন্ত এই মহা মিছিল অনুষ্ঠিত হয়।

এই মহা মিছিলে হাটেন রাজ্যের জনস্বাস্থ্য কারিগরি ও পৌরমন্ত্রী পুলক রায়,উলুবেড়িয়া পৌরসভার পৌর প্রধান অভয় কুমার দাস, উপপৌরপ্রধান সেখ ইনামুর রহমান, উলুবেড়িয়া পূর্ব কেন্দ্র তৃণমূল কংগ্রেসের সভাপতি আকবর সেখ, মহিলা নেত্রী শুক্লা ঘোষ, মহিলা নেত্রী মৌমিতা দাস হাজরা,পৌর পিতা হাসিবুর রহমান।

নতুন বছরের শুরুতে আবার বাঘের আক্রমণে মৃত এক মৎস্যজীবী

দূরন্ত বার্তা, জয়নগর, ৪ জানুয়ারিঃ নতুন বছরের শুরুতে আবারো বাঘের আক্রমণে নিহত এক মৎস্যজীবী সুন্দরবনে। শুক্রবার দক্ষিণ ২৪ পরগনা জেলার সুন্দরবন কোস্টাল থানার অন্তর্গত ছোট মোল্লাখালি এলাকার বাসিন্দা গণেশ কাহার নামের ৪৭ বছরের এক ব্যক্তি তাঁর আরও দুজন সঙ্গী বাসুদেব সরকার ও গোপাল বৈদকে নিয়ে সুন্দরবনের চার নম্বর গাজীখালী সজনে খালী রেঞ্জ ফরেস্টের অন্তর্গত জঙ্গলের মধ্যে মাছ ধরতে যায় তখন হঠাৎই মাছ ধরার সময় বাঘে আক্রমণ করে তাকে তড়িঘড়ি সাথে থাকা আরো

দুজন সঙ্গী তাকে বাঁচানোর চেষ্টা করলেও শেষ রক্ষা হয়নি। ঘটনাস্থলেই মারা যান গণেশ কাহার নামের এক ব্যক্তি বাঘে মানুষের যুদ্ধ করে কোনক্রমে দেহটিকে তাঁর ওই দুই সঙ্গী উদ্ধার করে নিয়ে আসে। ঘটনার খবর পেয়ে দেহটিকে উদ্ধার করে নিয়ে যায় সুন্দরবন কোস্টাল থানার পুলিশ। শনিবার বেলায় মৃতদেহটি ময়নাতদন্তের জন্য পাঠালো পুলিশ। আর এই ঘটনায় শোকের ছায়া নেমেছে পরিবারে। আক্রমণে মৃত ও আহতদের পরিবারের পাশে থেকে তাদের অধিকার পাইয়ে দেওয়ার কাজ করে চলেছে এপিডিআর নামে একটি



কামড়ে মৃত্যুর ঘটনা ঘটে চলেছে। দীর্ঘদিন ধরে সুন্দরবনে বাঘের আক্রমণে মৃত ও আহতদের পরিবারের পাশে থেকে তাদের অধিকার পাইয়ে দেওয়ার কাজ করে চলেছে এপিডিআর নামে একটি

মানবাধিকার সংগঠন। সেই সংগঠনের দঃ২৪ পরগনা জেলার সহ সম্পাদক মিঠুন মন্ডল শনিবার বলেন, সুন্দরবনে গত বছর ১৮ জন বাঘের আক্রমণের শিকার হন। তাদের মধ্যে ১১ জনের মৃত্যু ঘটে। আর নতুন বছরের শুরুতেই একজনের মৃত্যু ঘটলো বাঘের কামড়ে।

আমরা চাই সরকার বাঘের কামড়ে মৃত ও আহতদের পরিবারের হাতে দ্রুত ক্ষতিপূরণের ব্যবস্থা করুক। আর তাদের পরিবারের চাকরি,ছেলে মেয়েদের পড়াশোনার খরচ দিকানাহলে আমাদের আন্দোলন চলাবে।

রবিবার গোরক্ষপুরে যোগানন্দকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবেন নিজামুদ্দিনরা

গোরক্ষপুর, ৪ জানুয়ারিঃ প্রতি বছরের মতো ৫ জানুয়ারি উত্তরপ্রদেশের এক প্রান্তন প্রয়াত বঙ্গসন্তানকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবেন এক মুসলিম পরিবার। যোগদিবসের হজ্জোড় থেকে দূরে থাকা ওই পরিবার বিস্মৃত হননি হিন্দু পরমহংস যোগানন্দকে। ওই পরমহংস গান্ধীজিকে ক্রিয়াযোগে দীক্ষা দিয়েছিলেন। গিয়েছিলেন রবীন্দ্রনাথের শান্তিনিকেতনেও। উনিশ শতকে শ্যামাচরণ লাহিড়ী গৃহস্থের যোগশিক্ষা দেন, তাঁরই পরম্পরায় যোগানন্দ যুগ যুগ ধরে আমেরিকায় প্রচার করেন যোগ। তরুণ সন্ন্যাসী যোগানন্দ ভারত ও পাশ্চাত্যে ‘যোগাচল সংসদ সোসাইটি অব ইন্ডিয়া’ ও ‘সেন্ট্র রিয়্যালাইজেশন ফেলোশিপ’ সংস্থার প্রতিষ্ঠাতা, পাশ্চাত্যে ‘ক্রিয়াযোগ’ প্রচার-প্রসারের প্রধান মুখ। ১৯২০ সালের অগস্টে প্রথম বিশ্বযুদ্ধের পর ভারত থেকে আমেরিকার পথে প্রথম যাত্রীবাহী জাহাজে দেশি-বিদেশি অসংখ্য যাত্রীর ভিড়ে নিশে ২৭ বছরের উজ্জ্বল মুখের ওই সন্ন্যাসী গিয়েছিলেন বর্ষস্টের ‘ইন্টারন্যাশনাল কংগ্রেস অব রিলিজিয়াস লিবার্শালস ইন আমেরিকা’তে, ভারতের প্রতিনিধিত্ব করতে। তারপর, সে এক ইতিহাস। কিন্তু স্মৃতির ধারাপাতে বিস্মরের ধূলায় হয়তো ঢাকা পড়ে গিয়েছে ওই যোগীর কীর্তি। ‘২৪-এর ২ জানুয়ারি ভাতৃসম প্রান্তন সাংবাদিক অরবিন্দ দুরেকে নিয়ে গেলাম গোরক্ষপুরে তাঁর জন্মস্থানে। বেশ বেগ পেতে হল তালাবন্ধ বাড়িটির খোঁজ পেতে। চারপাশ সন্ধানী চোখে জরিপ করছি। ভগবান সহায় থাকায় ঠিক সে সময় ঠিক লাগোয়া প্রাচীন বাড়ি থেকে বেরিয়ে এলেন শেখ নিজামুদ্দিন। ‘‘১৮৯৬-এ শিকাগোর ধর্মমহাসম্মেলনে হিন্দুধর্মের প্রতিনিধিত্ব করেছিলেন স্বামী বিবেকানন্দ। বাকি ইতিহাস বাসে। অভিযোগ, দুই যুবক লেডিস বাসে বসেছিলেন। মহিলা যাত্রীরা তাদের সিট ছাড়েতে বলেও এরা তাদের কথায় কর্পাত করেনি।

উদ্বোধনী অনুষ্ঠানের শেষে মূল মঞ্চ থেকে নেমে ক্ষুব্ধ সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়

বনম্পতি দে, কোন্নগর ছগলি, ৪ জানুয়ারিঃ শকুন্তলা কালীমন্দির মাঠে মেলা শুরু হয়। কিন্তু মেলায় জায়গা হয়নি জাগো বাংলা। শুরু হলো কোন্নগর বইলো ও পুস্তপ্ৰদর্শনী। কিন্তু পুরসভা পরিচালিত বইমেলায় তৃণমূলের মুখপত্র জাগো বাংলার স্টল ঘিরে বিতর্ক বাধে উদ্বোধনের মধ্যেই। তবে বইমেলার বাইরে কোন্নগর শহর তৃণমূলের উদ্যোগে জাগো বাংলার স্টল দেওয়া হয়েছে।

উদ্বোধনী অনুষ্ঠানের শেষে মূল মঞ্চ থেকে নেমে কল্যাণ কোন্নগরের পূরপ্রধান স্বপন দাসকে বলেন, ‘জাগো বাংলা স্টল বাইরে কেন হবে? এটা আমি মানতে পারছি না।’ পূরপ্রধান তাঁকে বোঝানোর চেষ্টা করলে তিনি বেগে মেলা থেকে বেরিয়ে যান। মেলায় হাজির হয়ে বইলোৱা বাইরে জাগো




বাংলার স্টল দেখে পূরপ্রশাসনের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করেন শ্রীরাষ্ট্রপাধ্যায়। পূরপ্রধান পরে বলেন, ‘বইমেলায় রাষ্ট্রনৈতিক কোনও স্টল দেওয়া হয়নি। এটা সরকারি অনুষ্ঠান। এখানে রাজনীতির বিষয় নেই। মেলায় প্রশাসনা সংস্থাকে অগ্রাধিকার দেওয়া হয় আগে আসার ভিত্তিতে। দারা আগে টাকা দেবে তারা পায়। জাগো বাংলা যে স্টল চেয়েছিল

সেটা বৃষ্টি হয়ে গিয়েছিল। তাকে আমি বাদ দিতে পারি না।’ তিনি জানান, জাগো বাংলা যখন আবৈদন করে তাদের একটি স্টল দেওয়া হয়েছিল। কিন্তু সেটা তাদের পছন্দ হয়নি।

কোন্নগর শহর তৃণমূল সভাপতি তন্ময় দেব বলেন, ‘কল্যাণ বন্দ্যোপাধ্যায় কাকে কী বলেছেন সেটা দলের উচ্চ নেতৃত্বের বিষয়। আমাদের কাছে নিষিদ্ধ ছিল, তাই বাইরে স্টল দিয়েছি।’

জলস্তুর মাপার জন্য সুন্দরবনের নদীতে বসানো হলো সবাইকে স্বয়ংক্রিয় যন্ত্র

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়, সুন্দরবন, ৪ জানুয়ারিঃ এবার সুন্দরবনের নদীতে বসানো হলো জলস্তুর মাপার স্বয়ংক্রিয় যন্ত্র। এই প্রথম সুন্দরবনের নদীর জলস্তুর মাপার আত্মধুনিক যন্ত্র বসানো হলো। জোয়ার ভাটা এবং বৃষ্টি বা প্রাকৃতিক দুর্যোগে জলের মাত্রা কতটা উপর-নিচ হচ্ছে, তা বলে দেবে এই যন্ত্র। এটির নাম অটোমেটিক ওয়াটার লেভেল রেকর্ডার (এডভুলএলআর)। গোসাবার গদখালিতে বিদ্যাদ্বারী নদীতে এই যন্ত্রটি বসানো হয়েছে। রাসন্তীর দুটি জায়গায় তা বসানো হবে বলে ঠিক হয়েছে।স্বয়ংক্রিয় এই যন্ত্র নিজে থেকেই জলের স্তর মেপে সেই তথ্য পাঠিয়ে দেবে ন্যাশনাল



পরিচালনা করতে হবে না।জল কখন বাড়ছে, কখন কমছে- সবটাই সে নিজেই রেকর্ড করবে এবং সেটা প্রযুক্তির সাহায্যে তৎক্ষণাত পৌঁছে যাবে এ কেহা। গোসাবার পর এবার বাসন্তীর

হেগল নদীতে বসবে এই যন্ত্র। তাঁর পরেরটি ঝড়খালিতে বসানোর কথা রয়েছে বলে প্রশাসন সূত্রে জানা গেল। আর এই যন্ত্রের মধ্যে দিয়ে সুন্দরবনের জলবায়ুর পরিবর্তনের সব কিছু রেকর্ড হয়ে যাবে।

ভেঙে পড়ল উত্তর এবং দক্ষিণ সিকিমের মধ্য সংযোগ স্থাপনকারী বেইলি ব্রিজ

দুরন্ত বাতা, সিকিম, ৪ জানুয়ারি : ভয়ঙ্কর দুর্ঘটনা লাচুং ব্রজে। আচমকই নামে ধস। লাচুং এবং কাতাউ (উত্তর সিকিম) কে সংযোগকারী প্রধান এই



উদ্ধার করে সললকে স্থানীয় একটি হাসপাতালে নিয়ে পঠানো হয়েছে। হাং
কংগে ঘটে যাওয়া দুর্ঘটনার, স্তম্ভিত সিকিমের জাগরণ মানুষ, উদ্ধার
কার্যের নেমে পড়েছে, সাধারণ মানুষ সহ সকলে। ডানা গেছে, গত
বছর বর্ষাকালে যেটো রং করার কারণে ব্রিজটি মেরামতের কাজ চলছিল।
গত মাসেই এটি পুনরায় চালু করা হয়। এই অঞ্চলটি (উত্তর সিকিম)
সম্পূর্ণরূপে সেনাবাহিনীর নিয়ন্ত্রণাধীন কারণ এটি ভারত ও চীনের বর্ডার
এলাকা। পর্যটকের এখানে আসার জন্য আর্থি এবং সিকিম সরকারের
থেকে অনুমতি নিয়ে এই ব্রিজটি পার করতে হয়।

পরীক্ষা যোদ্ধা এনডিএমসি দ্বারা
সম্পাদিত উদ্যোগ

কলকাতা, ৪ জানুয়ারি ৯ এটি একটি উল্লেখযোগ্য অগ্রগতি, এনিউএমসি পরীক্ষা ওয়াশিংটন উদ্দেশ্যের মাধ্যমে করেছে। প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পক্ষীক্ষা যোদ্ধা এই থেকে অপ্রাপ্তি তা এই প্রোগ্রামটি শিক্ষার্থীদের পরীক্ষার প্রস্তুতির সময় তাদের মধ্যে ইতিবাচকতা, আত্মবিশ্বাস এবং সৃজনশীলতা জাগিয়ে তোলার উপর দৃষ্টি নিবদ্ধ করে। এই উদ্দেশ্যের একটি উল্লেখযোগ্য সফল প্রসঙ্গ প্রায় হ'ল আজকের অনুষ্ঠান অর্থাৎ পদার্থবিজ্ঞান ওয়াশিংটন এটি ফেস্টিভ্যাল। এই ইভেন্টটি এনিউএমসি স্কুল, প্রতিবেশী প্রতিষ্ঠান এবং দু'তারা থেকে ৪,০০০ এরও বেশি শিক্ষার্থীকে একত্রিত করেছে। এটি শিক্ষার্থীদের জন্য একটি প্র্যাকটিক্যাল যা তাদের চিন্তাভাবনাকে পরীক্ষা যোদ্ধা এবং ক্ষমতাভর্যন বার্তাগুলির দ্বারা অনুপ্রাণিত করে সৃজনশীল শিল্পের আকারে প্রকাশ করে। এই উৎসব মানসিক চাপ উপশমের হাতিয়ার হিসেবে শৈল্পিক অভিব্যক্তির গুরুত্বের উপর জোর দেয় এবং শিক্ষার্থীদের সাথে ও স্কুলের সাথে পরীক্ষায় যেতে উৎসাহিত করে। এই উদ্যোগটি এনিউএমসি স্কুলের শিক্ষার্থীদের জীবনকে সহজ করে তুলবে। শিল্প এবং অন্যান্য ইন্টারেক্টিভ কার্যকলাপের মাধ্যমে স্ট্রেস ম্যানেজমেন্ট কৌশল প্রচার করা সৃজনশীল আউটলেটগুলির সাথে একত্রিত প্রস্তুতি সময়কর করে সামগ্রিক বিকাশকে উৎসাহিত করা। পরীক্ষার প্রতি ইতিবাচক মনোভাব গড়ে তোলো, উদ্বোধন করুন এবং আত্মবিশ্বাস বাড়ানো। এই রবিরের প্রবাসশীল কর্মসূচির মাধ্যমে, এনিউএমসি সুন্দর, আত্মবিশ্বাসী এবং স্থিতিস্থাপক ছাত্রদের লালনপালনের প্রতি তার প্রত্যাশিত পূর্বাবস্থা করে। এই উদ্যোগটি শুধু একাডেমিক উৎকর্ষই নয়, ছাত্রদের মধ্যে মানসিক এবং সৃজনশীল প্রস্তুতির জন্য আমাদের ভাগ করা দৃষ্টিভঙ্গি প্রতিফলিত করে।

অবৈধভাবে মোরগ লড়াই থেকে শুরু করে রমরমিয়ে চলছে জুয়ার আসর


দিয়ে বাতা, জগদীশগুপ্ত, ৪ জুলায়ার : পুলিশ প্রশাসনের চেয়ে খুলো
সিআরওর অবৈধভাবে মোগল লড়াই থেকে শুরু করে জুয়ার আসর,
জুয়ার আসরে সামনে মুখ খুলতে নাজিম এলাকার খেসি। যুসমান্দ থেকে শুরু
করে মধ্যবয়স্ক মানুষদের নিয়ে রমরমিয়ে চলছে মোগল লড়াই এবং
জুয়ার আসর। প্রকাশ্য দিবালোকে প্রব্রু টাকা- পয়সা নিয়ে চলছে জোবার
আসর এবং মোগল লড়াই। ঘটনা পশ্চিমবঙ্গ জানা যায় ধুপগুড়ি পানার
অর্গত বারোহাখিয়া এলাকার স্থানীয় বাসিন্দারা জানায় যে বেশ কয়েক
মাস ধরে বারোহাখিয়া লক্ষীকান্ত চাঁ বাগানের ফ্যাক্টরি পাশ দিয়ে নদীতে
প্রবেশ করার পানের রাস্তার কীর্তি ভিতরে চলছে রমরমিয়ে অবৈধভাবে
জুয়ার আসর থেকে শুরু করে মোগল লড়াই এবং চলছে আবার অবৈধভাবে
বালি পাচার। একদিকে বালার মুখ্যমন্ত্রীর ঘোষণা কে তোষাফাঁদ না করেই
চলছে অবৈধভাবে বালি পাচার থেকে শুরু করে বিভিন্ন রেভিনিউ
চরকলাপ। যদিও এভাবে অবৈধভাবে জুয়ার আসর থেকে শুরু করে
মোগল লড়াই চলতে থাকলে ছবি থেকে শুরু করে আরো অন্যান্য
ঘটনাগুলো ব্যতীত থাকবে তবে আশঙ্কা অবিলম্বে প্রশান যদি
বিরুদ্ধে করা ব্যবস্থা নিলেই অনেকটাই উপকৃত হবে ওই এলাকার সন্তান
মানুষ। তবে অনেকের মত বয়সী থেকে শুরু করে মধ্য বয়সে মানুষদেরও
এই জুয়ার খপ্পরে পড়ে সর্বস্বাস্থ্য হতে দেখা যায়। তবে প্রকাশ্যেই এই
জুয়ার আসর চলতেও পুলিশ প্রশাসন একপ্রকার নীরব

মাছের ভেঁড়িতে মহিলার মৃতদেহ

দেখতে বার্তা, নন্দীগ্রাম, ৪ জানুয়ারি : মাঘের ভেড়ি থেকে উদ্ধার হল এক অস্ত্রত্যাগচর্য মহিলায় নন্দীগ্রামে। শনিবার সকালে সেই দেহ উদ্ধার ঘটে। তীব্র চাঞ্চল্য ছড়ায় মৃতদেহের শ্রীশৌরি মৌজায়। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। ওই মহিলার পরিচয় জানার চেষ্টা চালাচ্ছেন তদন্তকারীরা। ব্যবসার শুরুতেই এই মৃতদেহ উদ্ধারে ঘটনায় শুরু হয়েছে তীব্র চাঞ্চল্য উত্তেজনা। পুলিশ ও স্থানীয় সত্রে জানা গেছে, নন্দীগ্রামে এক ব্লকের শ্রীশৌরি মৌজায় এলাকায় মাঘের ভেড়ি রয়েছে। তাইই এলাকা পারের ধারে ওই মহিলার মৃতদেহ ভাসতে দেখা যায়। সকালবেলায় এই ঘটনা দেখে স্থানীয়দের মধ্যে আতঙ্ক ছড়ায়। ঘটনাস্থলে যায় নন্দীগ্রাম থানার পুলিশ। পুলিশ জল থেকে ওই মৃতদেহ উদ্ধার করে। ওই মহিলার বয়স অনুমানিক ৪০-৪২ বছর। তিনি ওই এলাকার বাসিন্দাও নান বংশেই। স্থানীয়রা জানাচ্ছেন। পুলিশের অনুমান, তিন-চার দিন আগে ওই মহিলার মৃত্যু ঘটেছে। তাকে খুন করা হয়েছে বলে প্রাথমিক অনুমান। দেহে পচন বৃদ্ধি তদন্তে কিছুটা সমস্যাও হয়েছে। ময়নাতদন্তের জন্য ওই মৃতদেহ পাঠানো হয়েছে। এমনই জানাচ্ছেন, হলদিয়ার অতিরিক্ত পুলিশ সুপার মনোরাঞ্জন ঘোষ। ওই মহিলাকে কি সেখানেই খুন করা হয়েছে? নাকি অন্য এলাকাও খুন করা ভেড়িতে দেহ ফেলা হয়েছে? এলাকার বাসিন্দাদের নজর এটিয়ে দেহ ফেলা হল কি করে? সেসব প্রশ্ন ভাবাচ্ছে পুলিশ। আধিকারিকদের।

দীর্ঘ দিনের দাবী মিটতে পারে, আর ও
বি নির্মাণস্থলে পরিদর্শন রেল কর্তৃপক্ষের

দশত বার্তা, আলিপুরদুয়ার, ৪ জানুয়ারি : আলিপুরদুয়ার জেলার কামাখ্যাগুড়ির বহুদিনের চাওয়া-পাওয়া রেল লাইনের উপর ওভারব্রিজ। অনেক আন্দোলনের সাক্ষী হয়ে রয়েছে স্থানীয় মানুষ এই রেল গেটের উপরে ওভার ব্রিজের দাবি বহুদিনের। কারণ বারোবিশা কুমারগ্রাম দুয়ার এইসব জায়গার মানুষরা কামাখ্যা গুড়িতে সরকারি কাজের জন্য আসতে হয় এছাড়াও কলেজ স্কুল রয়েছে কামাখ্যাগুড়িতে। বেশিরভাগ সময় রেলগাড়ি আসবার কারণে গেট



মুখ্যমন্ত্রীর কঠোর নির্দেশের পরেই জমি কেলেকারির পদা ফাস

সেই সর্কারি সেচ দপ্তরের হয়ে বিধা জমি প্রায় দেড় কোটি টাকার বিক্রি হয়ে গেল রেজিস্ট্রি। কিন্তু রেকর্ডের জন্য তুমি দপ্তরে আবেদন করার পরেই দানা বাঁধে আসবে। তুমি দপ্তরের প্রতিনিধিরা সর্বজমিনে যেতেই জমি কলেক্টরদের পদাধীশ। বাতিল করা হবে আবেদন। সরকারি জমি অর্থেও ভাবে বিক্রি হয়ে যাওয়ায় নিয়ে মুখ্যমন্ত্রীর কড়া বাতার পরেই এই ঘটনা সামনে আসার পর চাঞ্চল্য লভ্যতায়ে। অন্যদিকে যে ব্যক্তি কলকাতার আদারেক ব্যান্ডির জাম থেকে সর্কারি এই জমি কিনে নিয়েছেন। তার হুমিয়ারি তিনি হাইকোর্টে যাবেন। সমগ্র ঘটনা সামনে আসার পর তৃণমূলকে কার্ণগডায় তুলেছে বিজুলি। সর্কারি তৃণমূলের। মাদলা জেলার হিরশচন্দ্রপুর গ্রামীণ হাসপাতাল সংলগ্ন রাজ্য সরকারের সেচ দপ্তরের মহানন্দা এনডাভারমেন্টের অন্তর্গত প্রায় ১৩ বিঘা জমি রয়েছে। দপ্তরের পক্ষ থেকে ঘিরে রাখা হয়েছে সেই জমি। সেখান থেকেই হয় বিধা জমি দক্ষিণ ২৪ পরগনার দীপেন্দ্র কুমার মিশ্র নামে এক ব্যক্তি

বৈষ্ণব সম্প্রদায়ের খানা এলাকার কাউয়ামারী গ্রামের সেরাজুল হকের কাগজ প্রায় দেড় কোটি টাকায় বিক্রি করেছেন। সেই জমির যে ওয়ারিশ সার্টিফিকেট আদালতের মাধ্যমে অলিপুর আদালতের স্যাক্সেসিটরের স্বাক্ষর রয়েছে। যে টি রায়তি সম্পত্তি বলে উল্লেখ রয়েছে। আর কাগজের ভিত্তিতে সাব রেজিস্টার তুলসীয়া সাব রেজিস্টার অফিসে সরকারি এই জমি সিরাজুল হকের নামে রেজিস্ট্রি করে দেওয়া হয়। তারপরে সিরাজুল হক যখন ভূমি ও ভূমি সংস্থার দপ্তরে রেকর্ডের জন্য আবেদন করেন। তখন বেশ কিছু কারণে সন্দেহ দানা বাড়ে ভূমি ও ভূমি সংস্থার দপ্তরের কর্মীদের মনে। তারা খতিয়ে দেখার জন্য মনজিমে আসেন। মাপদোয়া করেন তারপরেই কার্যত চক্ষুচড়ক গাছ। দেখা যায় বিক্রি হয়ে গেছে সরকারি জমি। সাথে সাথে বাস্তব করা হয় রেকর্ড এর আবেদন। পাশাপাশি এই ঘটনায় সরকারি ভূমি দপ্তরের সাব রেজিস্টার এবং ভূমি দপ্তরের মধ্যে একটা সংঘাত সৃষ্টি মনে এসেছে। সাব রেজিস্টারের দাবি তিনি ওয়ারিশ সার্টিফিকেট দেখে রেজিস্ট্রি করে দিয়েছিলেন।



খেতান আদালতের ম্যাজিস্ট্রেটের
স্বাক্ষর ছিল। আলিয়া ডাট্যার্যের
হাতে ছিল রায়ত এই সম্পত্তি
অন্যদিকে যিনি জমি কিনেছেন
তার দাবি তাকে রেকর্ড করে না
দিলে লিখিত দিতে হবে রেকর্ড
করে দেওয়ার দায়িত্ব। তিনি
সমস্ত কাগজপত্র দেখে এই জমি
কিনেছেন। পরবর্তীতে না হও
তিনি উচ্চ আদালতের দ্বারা
হবে না। মুখ্যমন্ত্রীর কঠোর বার্তার
পরে এই জমি কেলেকারি সামনে
আসতে বেশ প্রশ্ন উঠেছে অসাধু
চক্র নিয়ে। এদিকে এই ভাবে
দপ্তরের জমি বিক্রি হয়ে যাওয়া
নিয়ে কিছুই টের পাননি সংশ্লিষ্ট
দপ্তরের ইঞ্জিনিয়াররা। কি ভাবে
ব্রহ্মসড়পুর এলাকার সরকারি
জমি সুদূর দক্ষিণ ২৪ পরগনার



এক ব্যক্তি বিক্রি করতে পারল। তবে কি বড় কোন চক্র রয়েছে এর পেছনে। উঠোঁছে প্রশ্ন?

বিজেপির অভিযোগ বহু জায়গায় সরকারি জমি তৃণমূলের মদতে বিক্রি হচ্ছে। পাল্টা তৃণমূলের দাবি মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন প্রশাসন সক্রিয় রয়েছে। তাই কোথাও দুনীতি হলেই সামনে আসছে।

শুরু হয়েছে রাজনৈতিক তরঙ্গ। ভূমি দপ্তরের আধিকারিক হিমাংশু কুমার মন্ডল এর বক্তব্য, রেকর্ডের আবেদন জমা হয়েছিল। তদন্ত করতে এসে দেখলাম এটা সরকারি জমি। আবেদন বাতিল করা হয়েছে। সাব রেজিস্টার রমজান আলী জানান, আমাদের কাছে যে ওয়ারিশ সার্টিফিকেট ছিল। সেখানে আলিপুর

আদালতের ম্যাজিস্ট্রেটের স্বাক্ষর ছিল। রায়ত সম্পত্তি উল্লেখ ছিল। তায়ত ভিত্তিতে রেজিস্ট্রি হয়েছে। সেচ দপ্তরের ইঞ্জিনিয়ার রাকেশ লালার বক্তব্য, এই জমি আমাদের দপ্তরে। এইভাবে বিক্রি হয়েছে জানতাম না। আজ আমরা জানতে পারলাম। জমি ফ্রেতা সিরাজুল হকের দাবি, আমি তো সমস্ত কাগজ থেকে কনফির্ম।

সমাজ রেকর্ড না করে দিলে নির্দিষ্ট কারণ লিখে দিতে হবে। আমরা আদালতে যাব।

জেলাশাসক নীতিন সিংহায্যার নির্দেশ, দত্ত কমিটি গঠন হয়েছে। যারা যুক্ত রয়েছে। আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

আধিকারিকরাও ছাড় পাবে না যদি যুক্ত থাকে। বিজেপির জেলা কমিটির সদস্য কিয়ান কেড্ডিয়ার অভিযোগ, তৃণমুলের মনতে চারিদিকে সরকারি জমি বিক্রি হচ্ছে। মুখ্যমন্ত্রী মুখে বলছে। কিন্তু তৃণমূল নেতারা সরকারি জমি দত্ত করছে। ব্লক তৃণমূল শ্রমিক সংগঠনের সভাপতি সাহেব দাসের বক্তব্য, মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন প্রশান্ত ভংগের আছে। তাই কোথাও কিছু হলে সাথে সাথে ধরা পড়ছে। তৃণমূল সাধারণ প্রশ্ন দেয় না।

কালনার ভাগীরথীর নদীর চর
থেকে চলছে মাটিকাটা

দুস্বে বাতা, কালনা ৪ জানুয়ারি : কালনার ভাগীরথীর নদীর চর থেকে চলেছে মাটিকাটা। বৈশাখ দশমীকাটা দিন ধরেই মাটিকাটা চলছে জানালে-নৌকার মাঝি। ইরিশগেন কদুরের নির্দেশে মাটিকাটা চলছে জানালা-মাটি কাটার অনুমতিপ্রবাহার করতে পারলেন না। পুলিশ প্রশাসনের নির্দেশে বর্ষকরা হেলো মাটিকাটা। কালনা বায়োটাইভারসিটি পার্কের জন্য জমির পরিদর্শন এবং যোগাযোগে কলকাতার হাঠিকারিকা স সঙ্গে কালনার চেয়ারম্যান এবং ভাইয়ের চেয়ারম্যান। আইএই সেনের চেয়ারম্যানের ভাগীরথীর চরে বেশ কিছু মানুষ মাটি কাটছেন। তিনি তাদের জিজ্ঞেস করলে তাদের প্রকৃত কাজগজপট কাটার আছে কিনা। শ্রমিকেরা দেখাতো পারিনি তাদের কলকাজপট, তারা জানায় ইরিশগেন কদুরের নির্দেশে এই মাটিকাটা চলছে। সঙ্গে সঙ্গে কালনা থানাকে ফোন করা হয়। কালনা থানার নির্দেশে মাটিকাটা বন্ধ আছে এবং তাদের আশ্রয় দেখা কালনার জন্য জানালে হয়েছিল। চেয়ারম্যান অনন্দ দত্ত জানান, গভর্ণরকে কলকাতার আগে মুখামতি জানিয়েছিলেন পূর্ব বর্ধমান জেলায় মাটিকাটা পুরুর ভরা কিছু করা যাবে না, ভাগীরথীর চর থেকে মাটি কাটা।

কবি সুভাষ কারশেড়ে অগ্নিনির্বাপক প্রশিক্ষণের আয়োজন

কলকাতা, ৪ জানুয়ারি : মেট্রো রেলওয়ে যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য সন্তোষ ব্যবস্থার ব্যবস্থা এবং যথেষ্ট শিপি উদয় কুমার রেভিভে কারাভাস্ত্র স্বাক্ষর করে, মেট্রো রেলওয়ে নিয়মিতভাবে অগ্রিকাণ্ডের মতো কোনে অপ্রীতিকার ঘটনা এড়াতে “কলকাতার লাইফলাইন”-এ গৃহীত নিরাপত্তা পরিমাপপদ্ধতি নিয়মিত পর্যালোচনা ও পর্যালোচনা করে। টানেলের অভ্যন্তরীণ মাঝে বা ভায়াডাক্টে যে কোনও অসুবিধার কারণে পরিব্রাজিত মোকাবেলায় বিভিন্ন বিভাগের মেট্রো কর্মীদের প্রস্তুতি পরীক্ষা করার জন্য, মেট্রো রেলওয়ে মেট্রো নিয়মিত প্রশিক্ষণ পরিচালিত হয়। ৩০.০১.২০২২ তারিখে কবি সুভাষ মেট্রো স্টেশন এবং কবি সুভাষ কারগেজে উল্লংঘন কর্মকাণ্ডের তত্ত্বাবধানে মাঠ কর্মীদের জন্য এই ধরনের অগ্র প্রশিক্ষণ কর্মসূচি পরিচালিত হয়েছিল। এই প্রশিক্ষণ কর্মসূচিতে, মেট্রো কর্মীদের বিভিন্ন স্টেশনে আনুগত্য এবং ধোয়া পরিহিতের অনুকরণের মাধ্যমে শিক্ষা নিভারনের প্রশিক্ষণ দেওয়া হয়েছিল। ট্রাফিক, ইলেক্ট্রিক্যাল, আরপিএফ এবং অন্যান্য বিভাগের কর্মীদের এই প্রশিক্ষণ কর্মসূচিতে অংশ নেন। এটা প্রত্যাশিত যে এই ধরনের প্রশিক্ষণ মেট্রোদের দক্ষতা এবং সতর্কতাকে তীব্র করে যেকোন জরুরি পরিস্থিতিতে সাড়া দিতে এবং উদ্ধারের সময় কমিয়ে আনবে এবং তাড়াহুড়া ভাষাবিকারি ফিরিয়ে আনবে।

ঘাটাল মাস্টার প্লানের কাজ শুরুর আগেই প্রতিবাদ এবং প্রতিরোধ

দুস্তৃত্ত বাতা, পাশৰ মনোনিপুৰ, ঠা
জমীয়াৰ গ বন্যা প্ৰতিৰোধে ঘটাল
মানসীয়া প্লাগ্ৰে কাজ শুক্ৰৰ আৰ্থেই
প্ৰতিবাদ এংগ প্ৰতিৰোধ। দাসপুৰ
ব্লকে চন্দ্ৰেশ্বৰ নদী খনন কৰতে
দেওয়া হৰে না, এই দাবিতে
এলাকাৰ মানুষ মিছিল মিটিং
কৰিলে। তানু ঈশ্মিয়া দিয়েছে
সিদ্ধুৱেৰে মতো জমি আন্দোলন
চলি কৰিবনা এই উদ্দেশ্যে
হয়েছে কমিশ্বৰ নদী খনন
প্ৰতিবাদী কণ্ঠশ। ওই কমিশ্বৰ
সভাপতি ৰবীন্দ্ৰনাথ বেৰা বলেন,

হলে তিন বলেন, মাস্টারপ্যান্থা
হচ্ছে এবং হবে। উল্লেখ্য ব্যাটা
দীর্ঘদিনের সমস্যা ঘটানো
প্রতিরোধ করার জন্য ঘটাল মাস্টার
প্যান্থ বহু চর্চিত একটি বিষয়। গণ
লোকসমূহ নির্বাচনের আগে রাজ্যে
গণমন্ত্রী ঘোষণা করছেন ঘটাল
মাস্টার প্যান্থ রাজ্য সরকার
নিজেনের অর্থে করবে। এই ঘোষণার
পরে দেব ঘটালে লোকসভা ভোটে
প্রার্থী হতে রাজি হন। মাস্টার
প্যান্থের মধ্যে আছে বিভিন্ন নদি
খাল সংস্কার সহ বিভিন্ন প্রকল্প।

নির্দেশ অমান্য
করে অজয়
নদীতে চলছে
বালি উত্তোলন

মুখত বাতাস, পাখিওঁড়, ক'লসুরাওঁড়।
নীরবতার নির্দেশে অবৈধ বালিস্টিচের
বন্ধ হচ্ছে বীরভূমে, ঠিক তার
পাশাপাশি রায়পুর এর কাছে অক্ষয়
বাগানে চলছে রমরমিয়ে বেআইনি
বালিস্টিচ। সাধারণ মানুষের
পড়েছেন সমস্যায়। নিজেদের জমিও
চলছে যাচ্ছে নদীগড়ে এই বালির
মাফিয়াদের দৌরায়ে। প্রামাণ্যসিরা
অত্যন্ত যদি এই বালি মাফিয়াদের
দুব্বস্ত বন্ধ না হয় তাহলে আগামী
দিনে তারা চাষাবাদ হারাবেন। জানা
উৎসে, রূপপুর রায়পুর এলাকার
গেছপুর মৌজায় নদীর পাড় কেটে
চলছে বালি উত্তোলন। এর ফলে
ক্ষতিগ্রস্ত হচ্ছে চাষযোগ্য জমি।
ক্ষতিজান সাথ এবং সামসুল
সেখের বলেন, উদয়পুর মৌজায়
কোনো বালির ঘাটের অনুমতি
নেই। অনুমতি আছে চন্দ্রপুর
মৌজায়। অথচ এখন পুরো
অবৈধভাবে বালি তোলা হচ্ছে।
পঞ্চায়েতে বলে কোনো লাভ হয়নি।
উপপ্রধান কিন্তু বাসার দেহিনি
গেছেরা বিক্রি কোনো লাভ হয়নি।
পঞ্চায়েত বলছে, যা ভালো বুঝবে
করবে। কিন্তু এভাবে বালি তোলার
পর যখন নদীতে জল বাড়বে তখন
জমি আর থাকবে না। গরীব মানুষ
বাঁচবে কী করে?

ডুয়ার্সের
লোকালয়ে
চিতাবাঘের হানা

শীতের বাতাসে বাড়ির ঘরতরে
হানা দিল চিতাবাঘ। ঘটনায়
আতঙ্ক ছড়িয়েছে এলাকা।
ছাগলকে ধরলে বেরা ডেঙে
তেতেরে ঢুকে একটি ছাগলকে
তুলে নিয়ে যাওয়ার চেষ্টা করে
চিতাবাঘ। ডুয়ার্সের মেটে ল্লকের
দক্ষিণ ধুপেপাতা ভগতপাতা
এলাকার ঘটনা। এলাকটি
গরুমারা জঙ্গল সংলগ্ন এবং
এলাকাটি বাগান বেশ কয়েকটি
হোটেল চা পরিণত হয়েছে।
ভগৎপাতা এলাকার বাসিন্দা
কাশিকা রায়ের বাড়িতে হানা দেয়
চিতাবাঘটি। ঘটনার খবর ছড়িয়ে
পড়তেই শনিবার সকালে বহু
মানুষ ভেড় হয় এলাকা।
বাড়ির মালিক বলেন, রাত তখন
আড়াইটা হবে। শব্দ পেয়ে যায়
থেকে বাইরে বের হয়ে দেখি
চিতাবাঘ একটি ছাগলকে ধরেছে।
ওই সময় চিৎকার করলে
চিতাবাঘটি ছাগলকে ফেলে দিয়ে
পালিয়ে যায়। কিছুক্ষণ পর
ছাগলটি মারা যায়। স্থানীয়
বাসিন্দারা এলাকায় চিতাবাঘের
উপদ্রবে রীতিমতো আতঙ্কিত।
হাত ও তিলায়ের উপদ্রব
রুখতে এলাকায় বনকমিদের
নিয়ামতি তলদারের দাবি
জানিয়েছেন বাসিন্দারা। চিতাবাঘ
ধরতে এলাকায় বনদপ্তরের
রত্নেফে খাচা বসানোও দাবি
জানিয়েছেন বাসিন্দারা।

**Office of the Pradhan
KHALGRAM GRAM
PANCHAYAT**

Beldanga, Bhalukbasa, Bankura

Notice Inviting E-Tender

**Khalgram GP, Taldanga,
Bankura**

NieT 10 Memo 03/Khal/2025
NieT 11 Memo 04/Khal/2025

**Pradhan, Khalagram GP,
Taldanga invites e-Tender of
different schemes which are
available in**
www.wb.etenders.gov.in
**website and Last date of
submission 13/01/2025 (5.00
PM).**

Sd/- Pradhan
Khalagram Gram Panchayat

Office of the
PANCHARUL GRAM PANCHAYAT

Vill.Pancharul, P.O.:Pancharul, P.S. Udaynarayanpur, PIN: 711225

e-NOTICE INVITING TENDER NO- PGP/574, Dt.-02/01/2025

For and on behalf of the Pancharul Gram Panchayat, The Pradhan, invites percentage rate tenders through e-tendering for the work of: Construction of CC Road. Last date of downloading documents up to **11/01/2025 at 5.00 PM**. Bid Opening date **13/01/2025 at 05.00 PM**. For details please visit office of the undersigned on any working days.

Sd/- Pradhan
Pancharul Gram Panchayat

Office of the
PANCHARUL GRAM PANCHAYAT

Vill. Pancharul, P.O.-Pancharul, P.S. Udaynarayanpur, PIN: 711225

e-NOTICE INVITING TENDER NO- PGP/573, Dt.-02/01/2025
For and on behalf of the Pancharul Gram Panchayat, The Pradhan, invites percentage rate tenders through e-tendering for the work of: Construction of CC Road. Last date of downloading documents up to **11/01/2025 at 5.00 PM**. Bid Opening date **13/01/2025 at 05.00 PM**. For details please visit office of the undersigned on any working days.

Sd/- Pradhan
Pancharul Gram Panchayat

**Office of the
PANCHARUL GRAM PANCHAYAT**

Vill. Pancharul, P.O.-Pancharul, P.S. Udaynaryanpur, PIN: 711225
e-NOTICE INVITING TENDER NO- PGP/572, Dt.-02/01/2025

For and on behalf of the Pancharul Gram Panchayat, The Pradhan, invites percentage rate tenders through e-tendering for the work of: Construction of CC Road. Last date of downloading documents up to **11/01/2025 at 5.00 PM**. Bid Opening date **13/01/2025 at 05.00 PM**. For details please visit office of the undersigned on any working days.

Sd/- Pradhan
Pancharul Gram Panchayat

খাওয়া-দাওয়া

আমড়ালের পাতুরি করে আপনি খেয়েছেন, রইল নতুন রেসিপি



উপকরনঃ বুটের ডাল মিহি বাটা আধা কাপ, নারকেল মিহি বাটা আধা কাপ, কাঁচা মরিচবাটা ১ চা-চামচ বা স্বাদমতো, লবণ পরিমাণমতো, আশু কাঁচা মরিচ প্রয়োজনমতো, হলুদের গুঁড়া আধা চা-চামচ, কাঁচা আমবাটা ৩ চা-

চামচ, শর্ষের তেল সিকি কাপ, সাদা শর্ষেবাটা আধা চা-চামচ, ভাজা জিরাগুঁড়া ১ চিমটি, কলাপাতা পছন্দমতো আকার করে কাটা ৭৮ টুকরা।

প্রণালিঃ প্রথমে বুটের ডাল ভালো

করে ধুয়ে তিন থেকে চার ঘণ্টা ভিজিয়ে রাখতে হবে। এরপর মিহি করে বেটে নিতে হবে বা ব্লেন্ড করে নিন। একটা বাটিতে শর্ষের তেলসহ ওপরের সব উপকরণ একসঙ্গে ভালো করে মেখে নিন। এবার কলাপাতাগুলো একটু সেকে নিতে হবে। কলাপাতার ওপরে ডালের মিশ্রণ থেকে ২ চা-চামচ নিয়ে চারকোনা আকার করে বিছিয়ে দিতে হবে। আশু কাঁচা মরিচ ১টি আর সামান্য একটু শর্ষের তেল দিয়ে কলাপাতা ভাঁজ করে নিন।

একটা প্যান চুলায় বসিয়ে গরম করে নিতে হবে। চুলার আঁচ কমিয়ে কলাপাতাগুলো প্যানে বিছিয়ে দিয়ে ইসরায়েলে সেনা প্রত্যাহার এবং এ পর্যন্ত ভাজতে হবে। এক পিঠি হলে উল্টে আর এক পিঠি ভেজে ফেলুন। হয়ে গেলে গরম-গরম সালা ভাতের সঙ্গে পরিবেশন করুন।



প্রণালিঃ ময়দা, লবণ, তেল,

চিনি, দুধ দিয়ে খুব ভালো করে ময়ান করে নিতে হবে। এবার ডিম ও জল দিয়ে মোটামুটি নরম খামির বানিয়ে নিন। এই খামির ৩০ মিনিট ঢেকে রাখতে হবে। ৩০ মিনিট পর ওই খামিরকে পাঁচটি ভাগে ভাগ করে একটি প্রশস্ত জায়গায় ফাঁকা ফাঁকা করে তেলে ডুবিয়ে ২ ঘণ্টা রেখে দিতে হবে। এবার একটি বড় পিঁড়িতে তেল মাখিয়ে নিন। তেলে ভেজানো একটি করে ডো নিয়ে হাত দিয়ে চেপে ও টেনে পাতলা করে বড় করতে হবে। ভালো ভালোভাবে ময়ান করে অল্প তেলের সঙ্গে মিশিয়ে পাতলা রুটির ওপর প্রলেপ দিন। প্রলেপের ওপর চিজ ও কিশমিশ ছড়িয়ে দিতে হবে। রুটিটি চার ভাঁজ করে নিন।

একই নিয়মে ওই ভাঁজের ওপর ডালডার হালকা প্রলেপ দিয়ে চার ভাঁজ করে গোল করে ১৫ মিনিট রেখে দিতে হবে। এরপর ওভেন ট্রুতে থি ব্রাশ করে চেপে চেপে পরোটার আকার করে ওভেন ১৮০ ডিগ্রিতে ২০ থেকে ২৫ মিনিট বেক করে নামিয়ে ওপরে থিয়ের ছিটা দিয়ে গরম-গরম পরিবেশন করুন।

তন্দুরি পরোটার

আগরতলা, ৪ জানুয়ারিঃ সড়ক সুরক্ষা এবং ভোক্তা অধিকার সুরক্ষা সম্পর্কে ছাত্রছাত্রীদের আরও বেশি করে সচেতন করার লক্ষ্যে রাজ্য সরকার জাগৃতি নামে এক নতুন কর্মসূচি শুরু করতে যাচ্ছে। ১১ জানুয়ারি এই কর্মসূচির সূচনা হবে। শনিবার সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে পরিবহণ এবং খাদ্য দপ্তরের মন্ত্রী সুশান্ত চৌধুরী এই সংবাদ জানান। খাদ্যমন্ত্রী শ্রী চৌধুরী এই কর্মসূচি সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরে জানান, এখন থেকে প্রতি বছর জানুয়ারি ও ফেব্রুয়ারি মাসে খাদ্য দপ্তর এবং পরিবহণ দপ্তর যৌথ উদ্যোগে এই কর্মসূচিটির আয়োজন করবে। এই কর্মসূচির খেঁক হিসেবে রাজ্যের ২৫টি ডিগ্রি কলেজের ছাত্রছাত্রীদের নিয়ে সড়ক সুরক্ষা, ভোক্তা অধিকার সুরক্ষা

এবং নেশার কুফল বিষয়ের উপর কু ইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে। আগামী ১১ জানুয়ারি উদয়পুরে এই কর্মসূচির সূচনার দিনে গোমতী, দক্ষিণ ত্রিপুরা এবং সিপাহীজলা জেলার অন্তর্গত ডিগ্রি কলেজের ছাত্রছাত্রীদের নিয়ে কু ইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। অনুরূপভাবে, ১৮ জানুয়ারি কুমারঘাটে খলাই, উনকোটি এবং উত্তর ত্রিপুরা জেলার অন্তর্গত ডিগ্রি কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে এবং ২৭ জানুয়ারি আগরতলায় পশ্চিম এবং খোয়াই জেলার অন্তর্গত ডিগ্রি কলেজের ছাত্রছাত্রীদের মধ্যে কু ইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এই প্রতিটি অনুষ্ঠান থেকে তিনটি শ্রেষ্ঠ কু ইজ দলকে নিয়ে ৮ ফেব্রুয়ারি আগরতলায় ফাইনাল কু ইজ প্রতিযোগিতার

আয়োজন করা হবে। প্রতিযোগিতায় বিজয়ীদের জন্য আকর্ষণীয় পুরস্কার প্রদান করা হবে। কু ইজ প্রতিযোগিতার পাশাপাশি এই কর্মসূচির অঙ্গ হিসেবে কলেজভরো ছাত্রছাত্রীদের মধ্যে হেলমেট বিতরণ এবং সড়ক সুরক্ষা, ভোক্তা অধিকার সুরক্ষা এবং নেশার কুফল বিষয়ের উপর খালির আয়োজন ও করা হবে। জাগৃতি সচেতনতামূলক কর্মসূচিটি বাস্তবায়নে স্কুল অব সায়েন্স এবং ত্রিপুরা ইনফো ডট কম সহযোগিতা করবে। খাদ্যমন্ত্রী জানান, ১১ জানুয়ারি, ১৮ জানুয়ারি এবং ২৭ জানুয়ারিতে অনুষ্ঠেয় কু ইজ প্রতিযোগিতার জন্য যথাক্রমে ১০ জানুয়ারি, ১৪ জানুয়ারি এবং ২৫ জানুয়ারির মধ্যে রেজিস্ট্রেশন করতে হবে।

e- Tender invitation of Srinagar Gram Panchayat under Kakdwip Block, Nit no.SNGP/NIT/-08(৭) /2024 -25 dated 04/01/2025 Publishing & Last date of submission 10/01/2025 up to 2 PM & Opening date 13/01/2025 in website.www.wbtenders.gov.in Sd/-Pradhan, Srinagar Gram Panchayati

Name Change
I, Nitai Chand Dalai (old name) son of Banbihari Dalai, residing at VILL- KARPURA, P.O.- AURAI, P.S.- CONTAL, East Medinipur, 721247, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Nitai Dalai (new name) as declared before the Notary Public at Kolkata, dated 03/01/2025. Nitai Dalai (new name) and Nitai Chand Dalai (old name) both are same and identical person.

Name Change
I,DIPMALA MAHTO (OLD NAME), W/O HARI CHARAN MAHTO,RESIDING AT LIG-1C,BA BLOCK-AA-18, GREENWOOD PARK EXTENSION,NEW TOWN,PS-NEW TOWN, DIST-24 PARGANAS (NORTH), WEST BENGAL, PIN-700156,WEST BENGAL, HAVE CHANGED MY NAME AND SHALL HENCEFORTH BE KNOWN AS DIPMALA ARJUN MAHTO (NEW NAME) AS DECLARED BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 03/01/2025. DIPMALA MAHTO (OLD NAME) AND DIPMALA ARJUN MAHTO (NEW NAME) BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.

Name Change
I, Subasis Das Ghosh (old name) son of Bholanath Das Ghosh, residing at Hatkaliganj, Uluberia, Dist.- Howrah, Pin- 711315, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Suvasis Das Ghosh (new name) as declared before the Notary public at Kolkata, dated 03/01/2025. Suvasis Das Ghosh (new name) and Subasis Das Ghosh (old name) both are same and identical person.

Name Change
I, Saiyad Hassan Ali (old name) son of Saiyed Safayat Ali, residing at Vill & P.O.- Mohanpur, P.S.- Mohanpur, Dist.- West Medinipur, Pin- 721436, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Saiyed Hassan Ali (new name) as declared before the Notary Public at Kolkata, dated 03/01/2025. Saiyed Hassan Ali (old name) and Saiyad Hassan Ali (old name) both are same and identical person.

Name Change
I, Akhtari Ali (old name) son of Late Sawkat Ali, residing at 2/1A/H/5, Nawab Ali Lane, Kolkata- 700023, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Akhtar Ali (new name) as declared before the Notary public at Kolkata, dated 03/01/2025. Akhtar Ali (new name) and Akhtari Ali (old name) both are same and identical person.

Name Change
I, Md Nijam Uddin (old name) son of Mohammad Asrafuddin, residing at Munshipara Raigachi Rajarhat, North 24 Parganas, Pin- 700135, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Mohammad Nijam Uddin (new name) as declared before the Notary public at Kolkata, dated 03/01/2025. Mohammad Nijam Uddin (old name) and Md Nijam Uddin (old name) both are same and identical person.

Name Change
I, Suparna Pramanik (old name) wife of Tanmay Pramanik and daughter of Swapan Kumar Maity, residing at Haur, P.O.-Haur, Panskura, Purba Medinipur- 722131, West Bengal, INDIA, have changed my name and shall henceforth be known as Suparna Maity Pramanik (new name) as declared before the Notary Public at Kolkata, dated 26/12/2024. Suparna Maity Pramanik (new name) and Suparna Pramanik (old name) both are same and identical person.

Name Change
I SUDESHNA MUKHERJEE SAHA W/O SUSAMAY MUKHERJEE, D/O JAYANTO SAHA, RESIDING AT TEGHARI PARA GHAT ROAD, P O & PS-NABADWIP, DIST-NADIA, PIN-741302. MY NAME HAS BEEN RECORDED IN MY PASS-PORT AS SUDESHNA MUKHERJEE. THAT SAID SUDESHNA MUKHERJEE AND SUDESHNA MUKHERJEE SAHA IS THE SAME AND ONE IDENTICAL PERSON. AFFIDAVIT BY NOTARY PUBLIC AT KRISHNAGAR COURT ON 02.01.2025.

ভারতের ঐতিহ্য আমাদের ধৈর্য্য ও সহনশীলতার ক্ষমতা সম্পর্কে শিক্ষা দেয়ঃ রাজ্যপাল

কুমারঘাট, ৪ জানুয়ারি ঃ ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য, মূল্যবোধ ও সভ্যতার প্রতি ছাত্রছাত্রীদের শ্রদ্ধাশীল হতে হবে। ভারতের সমৃদ্ধ ইতিহাস ও মহাকাব্যগুলি থেকে ছাত্রছাত্রীদের অনুপ্রেরণা নিতে হবে। ভারতের ঐতিহ্য আমাদের ধৈর্য্য ও সহনশীলতার ক্ষমতা সম্পর্কে শিক্ষা দেয়। রাজপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু শনিবার ফটিকরায় উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের প্রাচীনায় জুবিলি উৎসবের উদ্বোধন করে একথা বলেন। অনুষ্ঠানে রাজপাল বলেন, ফটিকরায় উচ্চমাধ্যমিক বিদ্যালয় দীর্ঘ বছর ধরে ছাত্রছাত্রীদের গুণমানসম্পন্ন শিক্ষা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। তিনি আশা প্রকাশ করেন এই বিদ্যালয়টি ভবিষ্যতে তার সুনাম অক্ষুণ্ন রাখবে। অনুষ্ঠানে রাজপাল বিদ্যালয়ের স্মারকিকারও আনুষ্ঠানিক উদ্বোধন করেন। বিদ্যালয়ের প্রাচীনায় জয়ন্তী অনুষ্ঠানে প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেন, ছাত্রছাত্রীদের গুণমানসম্পন্ন শিক্ষা প্রদানে রাজ্য সরকার অগ্রাধিকার ও দিয়েছে। ফটিকরায় স্কুলের পরিকাঠামোর উন্নয়নেও বিভিন্ন উদ্যোগ নেওয়া হয়েছে। পড়াশোনার পাশাপাশি সামাজিক কর্মকাণ্ডেও অংশ নেওয়ার জন্য তিনি ছাত্রছাত্রীদের উৎসাহিত করেন। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সভাপতিত অমলেন্দু দাস, ফটিকরায় উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের পরিচালন কমিটির সভাপতি নীলকান্ত সিংহ, ফটিকরায় বাদশ শ্রেণী বিদ্যালয়ের সহকারি প্রধান শিক্ষক প্রমুখ।

অ্যাডভার্টেজ আসাম ২.০ বিনিয়োগকারী টানতে তিন দিনের মুম্বাই সফরে মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব



গুয়াহাটি, ৪ জানুয়ারিঃ আসম অ্যাডভার্টেজ আসাম ২.০ শীর্ষ সম্মেলনে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে তিনদিনের মুম্বাই সফরে গিয়েছেন মুখ্যমন্ত্রী ড. হিমন্তবিশ্ব শর্মা। মুম্বাই সফরকালে ড. শর্মা একটি রোড-শোয় অংশগ্রহণ করবেন। এছাড়া সহযোগিতামূলক সুযোগ অন্বেষণ করতে ইন্ডিয়া ইনকর্পোরেটেডের বিশিষ্ট তারা শীর্ষ পদাধিকারীদের সঙ্গে আজ (শনিবার) সাক্ষাৎ করেছেন মুখ্যমন্ত্রী। আজ শনিবার নিচের অফিশিয়াল এক্স হা্যান্ডলে এ খবর দিয়েছেন স্বয়ং মুখ্যমন্ত্রী হিমন্তবিশ্ব শর্মা। মুখ্যমন্ত্রীর জানান, আজ তিনি টাটা-চেমারম্যান এন চন্দ্রশেখরবের সঙ্গে এ ব্যাপারে বৈঠক করেছেন। বৈঠক ফলপ্রসূ ছিল বলে জানান তিনি। মুখ্যমন্ত্রী লিখেছেন, “আমি

মনে করি, অসম এবং টাটা গ্রুপের মধ্যে দীর্ঘস্থায়ী অংশীদারিত্বকে আরও গভীর করতে এটি একটি চমৎকার প্ল্যাটফর্ম হবে।’ এছাড়া সানকার্ফার কার্বনির্বাহী অধিকর্তা আলোক সাংভির সঙ্গেও বস্তুক আলোচনাসভা হয়েছে বলে জানিয়েছেন হিমন্তবিশ্ব শর্মা। তাঁর সঙ্গে অসমের ফার্মাসিউটিক্যাল সেক্টরে বিদ্যমান সুযোগ এবং রাজ্যে তাদের কোম্পানির সম্প্রসারণ পরিকল্পনা নিয়েও কথা হয়েছে মুখ্যমন্ত্রী।

প্রসঙ্গত, বহুল প্রত্যাশিত অ্যাডভার্টেজ আসাম ২.০ শীর্ষ সম্মেলন আগামী ২৪ এবং ২৫ ফেব্রুয়ারি গুয়াহাটিতে অনুষ্ঠিত হবে। এর লক্ষ্য বিনিয়োগে বাড়ানো, সরকারি কর্মসংস্থান তৈরি করা এবং উদ্যোক্তাদের সমর্থন আদায়।

‘বামফ্রন্টের ২৫ বছরে কোন কাজ হয়নি’

আগরতলা, ৪ জানুয়ারি : ২০২১ সালে বিজেপি শাসিত পূব নিগম গঠিত হয়েছিল। কিছুদিন পূর্বে তিন বছর পূর্ণ হয়েছে। তিন বছর পর পূর্তি উপলক্ষে প্রতিটি ওয়ার্ডে বিভিন্ন কর্মসূচি নেওয়া হয়েছে। পূব নিগমের ৪ নং ওয়ার্ডের কর্পোরেটর সুপর্ণা দেবনাথ এর উদ্যোগে শনিবার এক আলোচনা সভা এবং দুঃস্থদের মধ্যে বস্ত্র দান কর্মসূচির আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পূব নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বড়জলা কেন্দ্রের প্রাক্তন বিধায়ক ডাঃ দিলীপ দাস সহ অন্যান্যরা। এই অনুষ্ঠানে মেয়র বক্তব্য রাখতে গিয়ে বলেন, গত তিন বছরে প্রতিটি ওয়ার্ডে বিভিন্ন উন্নয়নমূলক কাজ হয়েছে। পানীয় জলের ব্যবস্থা, রাস্তাঘাট, ড্রেইন নির্মাণ করা হয়েছে। শহরকে নতুনভাবে সাজানোর চেষ্টা করা হচ্ছে। কিন্তু আরো কাজ বাকি আছে।

দুরন্ত বার্তা, হুগলী, ৪ জানুয়ারিঃ সার্বিক ব্রতচারী প্রশিক্ষণের উদ্দেশ্যে প্রতি বছরের ন্যায় এ বছরও ৫৬ তম নিখিল ভারত নায়ক মহাশিবিরের আসর বসেছিল ২৪ ডিসেম্বর থেকে ৩১ডিসেম্বর হুগলী জেলার জঙ্গীপাড়া থানার অন্তর্গত রসিদপুর পঞ্চায়তের অধীন দোগাছিয়া গ্রামে অবস্থিত ব্রতচারী কেন্দ্রীয় নায়ক মন্ডলীর নিজস্ব ভূমি ব্রতচারী ধামেরাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত প্রায় দুই শতাধিক ব্রতচারীদের পদধ্বনিতে এবং ঢোল , ধামসা, সানাইয়ের সুরে দোগাছিয়া গড়ের আকাশ বাতাস মুখরিত হয়েছিল। ব্রতচারীমার ব্রতচারীদের এক মহামিলন ক্ষেত্রে পরিণত হয়েছিল। ২৪ শে ডিসেম্বর শিবিরে পতাকা উত্তোলনের মাধ্যমে ৫৬ তম নিখিল ভারত ব্রতচারী নায়ক মহাশিবিরে শুভ সূচনা করেন জাতীয় পতাকা উত্তোলনের মাধ্যমে টগরী মালিক, হুগলী জেলা পরিষদের সদস্য এবং সংগঠনের সভাপতি তথা মন্ডলী প্রধান দেবী প্রসাদ বসু , ব্রতচারী কেন্দ্রীয় নায়ক মন্ডলীর পতাকা উত্তোলনের মাধ্যমে যৌথ ভাবে। বিভিন্ন দিনে ও সময়ে অগণিত গুণী এবং সমাজ সেবী



মানুষ তাদের গৌরবময় উপস্থিতির মাধ্যমে শিবিরকে সাফল্যের শীর্ষে উন্নীত করেছেন। এ মহাশিবিরে শিক্ষার্থীরা সকাল থেকে রাত পর্যন্ত কঠোরভাবে পরিশ্রম করে শৃংখলার সাথে ব্রতচারীর পণ,মানা, প্রিয়ম,প্রমীতি,পিটি, ছড়া, ডিল, মাটিং, নৃত্যালী,গীতালী, গীতি, ক্রীড়া, বাইনারী, ব্রতচারী দর্শন, ব্রতচারী সংগঠন বিজ্ঞান, ব্রতচারী আন্দোলনের ইতিহাস,সমাজ ও চরিত্র গঠনে ব্রতচারী প্রণালীর ভূমিকা, গুরুজীর জীবনী, মূল্যবোধ, স্বনির্ভর প্রকল্প প্রভৃতি বিষয়ে শিক্ষা লাভ করেন। বিষয়গুলোর শ্রেণী পরীচালনা করেন সচিব প্রধান ব্রজ গোপাল

রানী সরদার,ওয়াটার, পারমিতা কল্যা প্রমুখ। মহাশিবিরে বিভিন্ন দিনে যারা উপস্থিত ছিলেন- তমাল শোভন চন্দ্র (সভাপতি, জঙ্গীপাড়া পঞ্চায়েত সমিতি),স্বপন পাত্র (প্রধান, রসিদ পূব গ্রাম পঞ্চায়েত),শিবরাম মিত্র (প্রাক্তন শিক্ষক) প্রাথমিক বিদ্যালয়, সদন ঘোষ (কর্ষাধ্যক্ষ, জঙ্গীপাড়া পঞ্চায়েত সমিতি), পুরুকেশ রায়(শিক্ষা কর্মাধ্যক্ষ, জঙ্গীপাড়া পঞ্চায়েত সমিতি),অনিল রাজ(ও সি-জঙ্গীপাড়া থানা), প্রীতম দাস (জঙ্গীপাড়া থানা),তাপস শীল(প্র শি ,খন্ডঘোষ প্রাথমিক বিদ্যালয় এবং আরও অনেকে। প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিং এর মৃত্যুতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়। এ বছর শিক্ষার্থী বিভিন্ন জেলা থেকে এসেছিল-কলকাতা, দক্ষিণ ও উত্তর ২৪পরগনা,বর্ধমান, হুগলী, ব্যাডগ্রাম , দুই মেদিনীপুর, নদীয়া, বাঁকুড়া এবং উত্তর বঙ্গ ছাড়াও বৈশ্বকিছু ব্রতচারী শিবিরে দুর্দিনব্যাপী সহযোগিতা করেছেন। শিবিরের প্রান্তিক অনুষ্ঠানে মন্ডলী প্রধান উপস্থিত থেকে শিক্ষার্থীদের উৎসাহ প্রদান করেছেন। শরীর চর্চা ও দেশ গড়নে লক্ষে প্রতি বছর এই আয়োজন।

জনহিতার্থের পরিবর্তে রাষ্ট্রের ক্ষতি করে এমন সাংবাদিকতা দেশের জন্য মারাত্মকঃ অনুরাগ সিং ঠাকুর

নয়াদিল্লি, ৪ জানুয়ারি ঃ জনহিতার্থে সাংবাদিকতার পরিবর্তে রাষ্ট্রের ক্ষতি করে এমন সাংবাদিকতা দেশের জন্য ক্ষতিকারক। এমনটাই বলছেন প্রাক্তন কেন্দ্রীয় তথ্য ও সম্প্রসারণ মন্ত্রী অনুরাগ সিং ঠাকুর। তিনি বলেন, সত্যিকারের এবং ভাল সাংবাদিকতা হল যা সর্বদা সাধারণ মানুষকে দেশের কল্যাণে সচেতন করে। দেশের ভাবমূর্তি যাতে ক্ষুণ্ন না হয়, এই বিষয়ে সতর্ক থাকতে হবে। হিন্দি পাক্ষিক যুগবার্তা-র সম্প্রসারণের উদ্বোধনী অনুষ্ঠানে অনুরাগ সিং ঠাকুর বলেন, দেশ এখন সর্বাঙ্গকভাবে বিকাশের পথে। আর্থিক ক্ষেত্রে ভারত গত ১০ বছরে বিশ্বের পঞ্চম অর্থনীতিতে

পরিণত হয়েছে এবং দ্রুত তৃতীয় অর্থনীতি হওয়ার দিকে এগিয়ে যাচ্ছে। করোনা মহামারীতেও ভারতের অগ্রগতি থেমে থাকেনি, কিন্তু ইনফোডেমিকের মাধ্যমে বিশ্বে ভারতের দুর্দশ দেখানোর চেষ্টা করা হয়েছে। কিছু মিডিয়ায় প্রচলিত কংগ্রেস-কমিউনিস্ট ইকোসিস্টেম জাতীয় স্বার্থের পরিবর্তে দেশের ক্ষতি করার চেষ্টা করে, তারা যৌগীর বিরোধিতা করে। এমতাবস্থায় যুগবার্তার মতো নিরপেক্ষ পত্রিকা, যারা সং সাংবাদিকতা করে তাদের দায়িত্ব হলো দেশ ও সনাতন ধর্মকে রক্ষায় তাদের ভূমিকা আরও প্রসারিত করা।হিন্দি সাংবাদিকতার বরিষ্ঠ ও প্রখ্যাত সাংবাদিক এবং হিন্দুস্থান সমাচারের গ্রুপ সম্পাদক রাম বাহাদুর রাই বলেন, বর্তমান সময়ে নিরপেক্ষ সাংবাদিকতা প্রায় অপ্রাসঙ্গিক হয়ে পড়ছে।



রাজনৈতিক সাংবাদিকতা করার সময় এটা মাথায় রাখতে হবে যে তা যেন প্রামাণ্য তথ্যের ওপর ভিত্তি করে হয়। এটাও গুরুত্বপূর্ণ যে, বক্তব্যকে তথ্য এবং যুক্তিনিষ্ঠভাবে উপস্থাপন করা। যুগবার্তার বিগত সময়ের নিয়োগ এবং এর সম্প্রসারণ নিয়ে তিনি বলেন যে, দিল্লি বিধানসভা নির্বাচনের আগে এটিই উপযুক্ত সময়। যুগবার্তার দায়িত্ব হবে সত্য ও তথ্যের ভিত্তিতে

প্রতিবেদনের মাধ্যমে জনগণকে তাদের মতামত সম্পর্কে চিন্তা করতে উদ্বুদ্ধ করা। হিন্দুস্থান সমাচারের চেয়ারম্যান অরবিন্দ মার্ডিকর এই সংস্থার বিগত ৭৫ বছরের যাত্রা ও গৌরবময় উপাখ্যান জানিয়েছেন।

তিনি বলেন, সব বাধা অতিক্রম করে এখন আমরা ১৫টি ভারতীয় ভাষায় পরিষেবা প্রদানকারী ভারতের একমাত্র সংবাদ সংস্থা।

আজ মনসুর আলি পতৌদির জন্মদিন

দুস্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারি : নবাব মনসুর আলি খান পতৌদি। তর্কযোগ্যভাবে ভারতের সর্বকালের সর্বশ্রেষ্ঠ অধিনায়ক ছিলেন। ২১ বছর বয়সে ভারতীয় দলের অধিনায়কের দায়িত্বভার গ্রহণ করেন। অধিনায়কত্ব পাওয়ার পর এক দুর্ঘটনায় তার তান চোখের দৃষ্টিশক্তি চিরতরে নষ্ট হয়ে যায়। এরপরও তিনি ভারতীয় ক্রিকেটে অধিনায়কের দায়িত্ব ভালভাবে পালন করে গেছেন। তিনি ৪৬টি টেস্টের মধ্যে ৪০টিতে ভারতকে নেতৃত্ব দিয়েছিলেন এবং ৯টিতে জিতেছিলেন। মোট রান করেছিলেন ২৭৯৩, ব্যাটিং গড় ৩৪.৯১, সেঞ্চুরি করেছেন ছটি, আর অর্ধশত সেঞ্চুরি রয়েছে ১৬ টি। মনসুর আলি খান ছিলেন ইফতিখার আলী খানের ছেলে, যিনি নিজে ছিলেন একজন বিখ্যাত ক্রিকেটার। তিনি ভোপালে জন্মগ্রহণ করেন ৫ জানুয়ারি ১৯৪১। ১৯৫২ সালে মনসুরের ১১তম জন্মদিনে দিল্লিতে পোলো খেলার সময় তার বাবা মারা যান, এরপর মনসুর নবম নবাব হন। ভারতীয় ক্রিকেটে তাঁর অবদানের জন্য কেন্দ্রীয় সরকার তাঁকে ১৯৬৪ সালে অর্জুন পুরস্কার ও ১৯৬৭ সালে পদ্মশ্রী সম্মানে ভূষিত করে। ২৭ ডিসেম্বর ১৯৬৯, মনসুর ভারতীয় চলচ্চিত্র অভিনেত্রী শর্মিলা ঠাকুরকে বিয়ে করেন। তাদের তিনটি সন্তান আছে। এরা হলেন সাইফ আলী খান (বলিউড অভিনেতা), সাবা আলী খান (জুয়েলারি ডিজাইনার), আর সোহা আলী খান (বলিউড অভিনেত্রী)। তিনি এক দশক ধরে একটি ক্রীড়া পত্রিকার সম্পাদক ছিলেন। ক্রিকেট খেলার সঙ্গে জড়িত থাকলেও তিনি বেশিরভাগ ক্ষেত্রে ক্রিকেট প্রশাসন থেকে দূরে থাকতেন। ২০১১ সালে ফুসফুসের অসুস্থতার কারণে তাঁর মৃত্যু হয়।

বাগান-শুভাশীষ চুক্তির নয়া তথ্য ফাঁস

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারি : ইন্ডিয়ান সুপার লিগে মোহনবাগান সুপার জায়ান্টের অপ্রতিরোধ্য গতি বজায় রেখেছে। শেষ দশ ম্যাচের মধ্যে আট ম্যাচে জয়, এক ম্যাচে ড্র এবং পরাজিত হয়েছে বাগান ব্রিগেড। বর্তমানে ১৪ ম্যাচে ৬২ পয়েন্ট নিয়ে লিগ টেবিলের শীর্ষে রয়েছে সবুজ-মেরুন শিবির। এরই মধ্যে আসন্ন ম্যাচে তাদের প্রতিপক্ষ কলকাতা ময়ানারে চিরপ্রতিদ্বন্দ্বী ইস্টবেঙ্গল। যদিও সূচি অনুযায়ী ১১ জানুয়ারি বছরের প্রথম কলকাতা ডার্বি নিয়ে রয়েছে অনিশ্চয়তা। তবে কলকাতা ডার্বি ম্যাচের আগে প্রকাশ্যে এল অধিনায়ক শুভাশীষ বোসের সঙ্গে বাগান শিবিরের চুক্তি বিষয়ক তথ্য। বছরের শেষের আগে ২৬ ডিসেম্বর শুভাশীষদের প্রতিপক্ষ ছিল পাঞ্জাব এফসি। সেই ম্যাচে দিল্লির জহরলাল নেহেরু স্টেডিয়ামে ১-৩ গোলে জিতে বছর শেষ করেছিল মেলিনার ছাত্ররা। এরপর বছরের শুরুতেই নিজাম শহরের হায়দরাবাদ এফসিকে নিজেদের ঘরের মাঠে ৩-০ গোলে পরাজিত করে মেরিনার্স। যার ফলে লিগ টেবিলের শীর্ষে নিজেদের অবস্থান আরও মজবুত করেছে গতবারের লিগ শিল্ড চ্যাম্পিয়নরা। তবে আসন্ন কলকাতা ডার্বি ম্যাচের ভবিষ্য কি হবে? সে বিষয়ে সকলেরই অজানা। কিন্তু এই মুহূর্তে পয়েন্ট টেবিলে তরতরিয়ে এগিয়ে চলেছে পালতোলা নৌকা। কলকাতা ডার্বি ম্যাচের আগেই সামনে এল শুভাশীষের সঙ্গে ক্লাবের চুক্তি বিষয়ক নতুন তথ্য। তাঁর সঙ্গে বাগান শিবিরের দীর্ঘমেয়াদী চুক্তির বিষয়ে আলোচনা শুরু হয়েছিল গত বছরের নভেম্বর থেকেই। গত মরশুম এমনকি চলতি মরশুমেও শুভাশীষ বোসের পারফরম্যান্স ছিল অত্যন্ত প্রশংসনীয়, এবং তাঁর নেতৃত্বে দল বিভিন্ন প্রতিযোগিতায় উল্লেখযোগ্য সাফল্য অর্জন করেছে।

বাভুমার সেঞ্চুরি, দ্বিশতক রান রিকেলটনের, রানপাহাড়ে প্রোটিয়ারা

কেপটাউন, ৪ জানুয়ারি : কেপটাউন টেস্টের প্রথম দিনটা দক্ষিণ আফ্রিকা নিজেদেরই করে নিয়েছে। ৪ উইকেট হারালেও টেষ্টা বাভুমা ও রায়ান রিকেলটনের সেঞ্চুরিতে ৩১৬ রান করেছে তারা। রিকেলটন রয়েছেন দ্বিশতকের পথে। পরে আবশ্য তিনি ২০০ রান করেন। প্রোটিয়ারা দ্বিতীয় দিনে অপেক্ষা করছে আরো বড় রান সংগ্রহ করার। নিউম্যার্ডসে রিকেলটনের পর সেঞ্চুরি তুলে নেন টেষ্টা বাভুমা। দলপতি বাভুমা ১০৬ রান করে আউট হলেও ১৭৬ রান করে দ্বিশতকের পথে রয়েছেন রিকেলটন। ৪ রান নিয়ে অপরাজিত আছেন ডেভিড বেডিংহাম।

এসি মিলান জুভেন্টাসকে হারিয়ে সুপার কাপের ফাইনালে



রিয়াধ, ৪ জানুয়ারি : সৌদি আরবে শুক্রবার রাতে সুপার কাপের সেমিফাইনালে জুভেন্টাসকে ২-১ গোলে হারিয়ে ইতালিয়ান সুপার কাপের ফাইনালে উঠলো এসি মিলান। ফাইনালে নগর প্রতিদ্বন্দ্বী ইন্টারের মুখোমুখি হবে এসি মিলান। তুর্কি স্ট্রাইকার কেনান ইলদিজ স্যামুয়েল এমবালুয়ার দুর্দান্ত পাসে গোল করে জুভেন্টাস প্রথমার্ধে এগিয়ে দেয়। তবে দ্বিতীয়ার্ধের ৭১ মিনিটে এসি মিলান ক্রিশ্চিয়ান পুলিসিকের পেনাল্টি স্পট থেকে করা গোলে সমতা আনেন এবং ৫ মিনিট পরে জুভেন্টাসের ডিফেন্ডার ফেদেরিকো গ্যাডি তার নিজের জালে বল পাঠিয়ে এসি মিলানকে ফাইনালে তুলে দেন। এসি মিলান ইন্টারের মুখোমুখি হবে, যারা বৃহস্পতিবার রিয়াদে অন্য সেমিফাইনালে আলিান্টাকে হারিয়েছে। গত তিন সুপার কাপ জিতেছে ইন্টার। ফাইনাল সোমবার অনুষ্ঠিত হবে রিয়াদে।

কলকাতাতেই ডার্বি করার চেষ্টা মোহনবাগানের, প্রশাসনের সঙ্গে কথা বলছে সবুজ-মেরুন

দুরন্ত বার্তা, কলকাতা, ৪ জানুয়ারি : ১১ই জানুয়ারিতেই হবে ডার্বি। এটা অন্তত পক্ষে নিশ্চিত হয়ে গিয়েছে। বাংলাতে বা বাংলার বাইরে সেখানেই হোক তা হবেই। এফএসডিএল নেতাবে ক্রীড়াসূচি করেছে তাতে পুলিশ সমস্যায় ১১ জানুয়ারির ম্যাচ বদলে দিয়ে অন্য দিন করলে ক্রীড়াসূচিতে সমস্যা হবে। সেই কারণেই সিদ্ধান্ত হয়েছে, ডার্বি ম্যাচ যেখানেই হোক, ১১ জানুয়ারিতেই হবে। দিনের কোনও পরিবর্তন হবে না।

গঙ্গাসাগর মেলার জন্য ১১ জানুয়ারিতে পুলিশ দেওয়া সম্ভব নয়। একথা প্রশাসনের तरফে আগেই জানানো হয়েছিল। যে কারণে ম্যাচ বাইরে চলে যাওয়ার কথা উঠছে। ডার্বি যেহেতু মোহনবাগানের হোম ম্যাচ, সেই কারণে এই ইস্যুতে মোহনবাগানের স্কেই যোগাযোগ রাখছে এফএসডিএল। দু’পক্ষই চাইছে ম্যাচটা কলকাতাতেই হোক।



এফএসডিএল এবং মোহনবাগানের মধ্যে আলোচনার পর শেষমুহূর্তে ঠিক হয়েছে, মোহনবাগানের तरফে আরও একবার রাজ্য প্রশাসনের সঙ্গে পুরো বিষয়টি নিয়ে কথা হবে। চেষ্টা করা হবে ১১ জানুয়ারি কলকাতাতে ডার্বি আয়োজন করা। তারপরও যদি পুলিশ সমস্যায় ম্যাচ আয়োজন করা সম্ভব না হয়, তখন বাংলার বাইরে অন্য ভেন্যুর কথা

ভাবা হবে। আপাতত দু’পক্ষের মধ্যে যে কথা হয়েছে, তাতে বাংলার বাইরে ম্যাচ গেলে চেষ্টা করা হবে বাংলা সংলগ্ন কোনও রাজ্যে ডার্বি ম্যাচ করার। বলাই বাহুল্য এক্ষেত্রে এগিয়ে রয়েছে জামশেদপুর এবং ওড়িশা। তবে চূড়ান্ত কিছু বারার পরিস্থিতি এখনও তৈরি হয়নি। যেহেতু মোহনবাগান আরও একবার কথা বলছে রাজ্য প্রশাসনের সঙ্গে।

সিডনিতে দ্বিতীয় দিন টক্কর সেয়ানে-সেয়ানে! ১৮৪ স্ট্রাইক রেটে অজি বোলারদের বমকে দিলেন পন্থ



৪ জানুয়ারি : দ্বিতীয় দিনে শুরুতে আশা জাগালেন বোলাররা। আবার সিডনিতে দ্বিতীয় দিনে চিন্তায় রাখল

রবীন্দ্র জাদেজা ও ওয়াশিংটন সুন্দর। ঋষত পন্থের ৩৩ বলে বিধ্বংসী ৬১ রানের ইনিংস অস্ট্রেলিয়ার যাবতীয় পরিকল্পনা মাঠেই মেরে দেয়। তৃতীয় দিনে ব্যাট হাতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে হবে জাদেজা-সুন্দরদের। যাতে ম্যাচ জেতার জন্য ফের লড়াই করতে পারেন বোলাররা। প্রথম দিনে টিম ইন্ডিয়ায় ইনিংস গুটিয়ে যায় মাত্র ১৮৫ রানে। দিনের শেষে বলে খোয়াজকে ফিরিয়ে দিয়েছিলেন বুমরাহ। দ্বিতীয় দিনেও দাপট জারি রাখলেন ভারতীয় বোলাররা। অস্ট্রেলিয়ার ইনিংসকে তারা থামিয়ে দেন মাত্র ১৮১ রানে। বুমরাহ, নীতীশ কুমার রেড্ডিরা পেলেন দুটি করে উইকেট। তিনটি করে উইকেট পান মহম্মদ সিরাজ ও প্রসিদ্ধ কৃষ্ণ। গুরুত্বপূর্ণ ৪ রানের লিড পায় ভারত।

বিশেষভাবে প্রতিপক্ষকে শ্রদ্ধা জানিয়ে বলেন, আমরা আইএসএলের অন্যতম সেরা দলটির বিরুদ্ধে খেলেছি। তারা কাউটার আক্রমণে অনেক ক্রত ছিল এবং তাদের খেলোয়াড়রা সেই স্টাইলুর জন্য প্রস্তুত। আমরা এই বিষয়ে খেলোয়াড়দের সাথে আলোচনা করেছি এবং তারা দারুণ কাজ করেছে। কিন্তু এই ম্যাচে কর্তৃ সমস্যা এবং চোটের কারণে মহামেডান এসসি একাধিক গুরুত্বপূর্ণ ফুটবলাররা অনুপস্থিত ছিলেন। সিজার লোবি মানজোকি, জোসেফ অ্যাড্জেই, মিরজালল কাসিমত এবং জোজিলিয়ানা এই ম্যাচে ছিলেন না। সেনৈশত এই বিষয়টি উল্লেখ করে বলেন, আমরা খুব বিধে সমস্যার মধ্যে ছিলাম, বিশেষত খেলোয়াড়দের অনুপস্থিতিতে মানজোকি, অ্যাড্জেই, কাসিমত, এবং জোজিলিয়ানা ছিলেন না। এছাড়াও ব্রান্ডন আমাদের সাথে কাজ করেনি, কারণ সে ওড়িশা এফসির বিরুদ্ধে ম্যাচে আহত হয়েছে। কিন্তু খেলোয়াড়রা দারুণভাবে কাজ করেছে এবং আমরা সত্যিই খুশি।

একটি দারুণ দলগত প্রচেষ্টার ফলস্বরূপ, আমরা এই ম্যাচে একটি গুরুত্বপূর্ণ পয়েন্ট অর্জন করেছি। মহামেডান এসসি রক্ষণে যে দৃঢ়তা দেখিয়েছে তা নিয়ে দলের রুশ কোচ আরও বলেন, স্ট্রাটজি আগে তৈরি করা যায়, কিন্তু ম্যাচ চলাকালীন অনেক কিছুই পরিবর্তিত হতে পারে। নর্থইস্ট ইউনাইটেড তাদের আক্রমণে আরও খেলোয়াড় যুক্ত করেছে, তাই আমাদেরও রক্ষণে আরও খেলোয়াড় নিয়ে আসতে হয়েছে। আমরা জানতাম যে, একটি ড্র আমাদের জন্য গুরুত্বপূর্ণ। তবে একটি ভাল কিক বা কাউন্টার আক্রমণে আমরা ম্যাচটি জিতে পারতাম। তবে, আমরা এক পয়েন্ট নিয়ে সন্তুষ্ট। এখন যখন জানুয়ারি ট্রান্সবার উইডো শুরু হয়েছে এই প্রসঙ্গে রোনাল্ড মহামেডান এসসির দল আরও শক্তিশালী করার বিষয়ে কিছু গুরুত্বপূর্ণ কথা বলেন। তিনি বলেছেন, আমরা ম্যানেজমেন্টের সাথে অনেক মিটিং করেছি এবং আমরা আমাদের পছন্দসই খেলোয়াড়দের একটি তালিকা দিয়েছি।

দিনটা ছিল ৫ জানুয়ারি

আজ মেলবোর্নে একদিনের ক্রিকেটের প্রবর্তন হয়েছিল

কলকাতা, ৪ জানুয়ারি : ১৯৭১ সালের ৫ জানুয়ারি। এসেজের তৃতীয় টেস্টের পঞ্চম দিন। সেদিন বদলে দিল ক্রিকেট খেলার চেহারাটি। ৫৪ বছর আগে এই দিনেই হয়েছিল ইতিহাসের প্রথম আন্তর্জাতিক ওয়ানডে ম্যাচ। প্রথম দুই দলের খেলোয়াড়দের কাছে ছিল নিছক বিনোদনের ম্যাচ। ১৯৭১ সালে ইংল্যান্ড গিয়েছিল অস্ট্রেলিয়ায় অ্যাসেজ সিরিজ খেলতে। মেলবোর্নে তৃতীয় টেস্টের আগে শুরু হয়ে গেল সমালোচনা। কারণ প্রথম দুই টেস্ট নিশ্চয়্য ড্র হওয়ার জন্য। এর জন্য দায়ী করা হলো দুই অধিনায়কের ম্যাডমেডে কৈশল্যকে। দ্য গার্ডিয়ানের কলামে গ্র্যান্ড চেয়ারম্যানতো ক্রিকেটের ভবিষ্যকেই অনিশ্চিততার মুখে দেখতে পাচ্ছিলেন। তবে মেলবোর্ন টেস্ট শুরুর আগেই শুরু হলো বৃষ্টি। মেলবোর্নের আকাশ থেকে অবর ধারায় নেমেছে বৃষ্টি। একদিন দু’দিন তিনদিন খেলা শুরু হলো না। মেলবোর্ন কর্তৃপক্ষের প্রায় ৮০ হাজার পাউন্ডের ক্ষতিপূরণের জন্য দুই দেশের ক্রিকেট বোর্ড ম্যাচের সিরিজ শেষে আরেকটি অতিরিক্ত টেস্ট খেলতে সম্মত হল। তবে এ সিদ্ধান্ত ইংলিশ খেলোয়াড়রা ঠিক সম্মত হলেন না, বরং দাবি করলেন অতিরিক্ত পারিশ্রমিকের। এ নিয়ে বোর্ডের সাথে সিরিজের মধ্যেই খেলোয়াড়দের বিবাদ শুরু হলো। তবে শেষ পর্যন্ত দর্শকদের কথা বিবেচনা করে ইংল্যান্ডের



একটি ওয়ানডে ম্যাচ আয়োজনের ব্যাপারে সম্মত হয়। খেলাটি হয় ইংল্যান্ড একাদশ এবং অস্ট্রেলিয়া একাদশ নামে। দুই দল খেলতে নামে। ম্যাচটি ছিল ৮ বলে ওভার এবং ৪০ ওভারের। একদম শেষ মুহূর্তে ৫০০০ পাউন্ডের বিনিময়ে স্পন্সর হিসেবে যুক্ত হল টোবাকো কোম্পানি রথমেল। তারা দেয় ম্যাচ সেরার পুরস্কার ৯০ পাউন্ড। এই ম্যাচে ৪৫ হাজারের বেশি দর্শক উপস্থিত ছিল বেশ বিস্ময়কর। ম্যাচ শুরুর পূর্বে স্যার ডেনাল্ড ব্র্যাডম্যান দর্শকদের উদ্দেশ্যে ঘোষণা করেন আপনারা একটি ইতিহাস দেখতে যাচ্ছেন। টানা বৃষ্টির ফলে ধীর গতির উইকেট ছিল। প্রথমে ব্যাট করতে সেরা ইংল্যান্ড একাদশ করে ১৯০ রান। জন এডরিচ করেন ইনিংসে

ইতিহাসের প্রথম ওয়ানডে জেতে ৫ উইকেটে। ৪২ বল বাকি থাকতে তারা এই রান করে। অস্ট্রেলিয়াকে জয়ের পথ দেখায় ইয়ান চ্যাপেল ও ডগ ওয়াল্টারস। ইংল্যান্ড অধিনায়ক রে ইলিংওয়াথ ৩ উইকেট নিয়েছিলেন। এডরিচ ম্যাচ সেরা হয়েছিলেন। প্রথম ম্যাচেই অভূতপূর্ব সাদ্ড়া পাওয়ার পরও তখনকার ক্রিকেট বোর্ডগুলো মানসিকতার কারণে ওয়ানডে ক্রিকেট সেভাবে প্রসার লাভ করেনি। এরই মাঝে ১৯৭৫ সালে প্রথম ওয়ানডে ক্রিকেট বিশ্বকাপ হলেও মূলত কেরি পেকারের বিখ্যাত ওয়াল্ড সিরিজ পরবর্তীতে ওয়ানডে ক্রিকেটের ক্রমবর্ধমান চাহিদা বাড়িয়ে দেয় কয়েক গুণ। বা সময়ের সাথে কেবল বেড়েই চলেছে।

রিয়ালের নাটকীয় জয়

মাদ্রিদ, ৪ জানুয়ারি : ভালেঙ্গিয়ার মাঠে শুক্রবার রাতের উত্তেজনা ছড়ানো ম্যাচে ২-১ গোলে রিয়াল জিতেছে ভালেঙ্গিয়ার বিরুদ্ধে। ভিনিসিউসের লাল কার্ড, বেলিংহ্যামের পেনাল্টি মিসের ম্যাচে রিয়াল পেল এই নাটকীয় জয়। প্রথমার্ধের ২৭ মিনিটে উগো দুরোর গোলে এগিয়ে যায়। এই গোলে অনেকটা সময় এগিয়ে থেকে দারুণ এক জয়ের আশা দেখছিল ভালেঙ্গিয়া। আর এই গোল রেখেই বিরতিতে যায় ভালেঙ্গিয়া। দ্বিতীয়ার্ধের শুরু থেকে আক্রমণাত্মক ফুটবল খেলে ভালেঙ্গিয়াকে চেপে ধরে রিয়াল। ৫২ মিনিটে ডি ব্রুসে কিলিয়ান এমবাণে ফাউলের শিকার হলে পেনাল্টি পায় রিয়াল। কিন্তু বেলিংহ্যাম গোল করছে ব্যর্থ হয়। তার শট পোস্টে লেগে ফিরে আসে! ৭৯ মিনিটে বড় এক ধাক্কা খায় রিয়াল। ভালেঙ্গিয়া গোলরক্ষকের ঘাড়ে আঘাত করে লাল কার্ড দেখেন ভিনিসিউস জুনিয়র। দশজনে খেলেও রিয়াল সমতায, ফেরে ৮৫ মিনিটে। বদলি নামা মদ্রিচ বেলিংহ্যামের দারুণ পাস পেয়ে গোলরক্ষককে পরাস্ত করেন এই ক্রোয়াট মিডফিল্ডার। মদ্রিচ সমতা ফেরানোর পর খেলার যোগ করা সময়ের পঞ্চম মিনিটে বেলিংহ্যামের গোলে দারুণ এই জয় পায় কার্লো আনলেস্তির দল। এই জয়ে নতুন বছরে শীর্ষে উঠে এলো রিয়াল। ১৯ ম্যাচে তাদের পয়েন্ট ৪৩। এক ম্যাচ কম খেলা আতলেতিকো মাদ্রিদ ৪১ পয়েন্ট নিয়ে নেমে গেল দুইয়ে।

৯ ইনিংসে ১৯০ রান করে শেষ হল কোহলির সিরিজ



সিডনি, ৪ জানুয়ারি : অস্ট্রেলিয়ায় তাঁর দুর্দান্ত ফর্মের জন্য পরিচিত। ২০২৪-২৫ বর্ডার-গাভাস্কার ট্রফি কোহলির জন্য ভুলে যাওয়ার মতো। তারকা ব্যাটার পার্থে একটি ভাল শুরু করেছিলেন, যেখানে তিনি দ্বিতীয় ইনিংসে একটি দুর্দান্ত সেঞ্চুরি করেছিলেন, যা প্রথম টেস্টে ভারতের জয় সেটআপ করেছিল। যাইহোক, তারপর থেকে, কোহলি ধারাবাহিকতা খুঁজে পেতে সংগ্রাম করেছেন। সিরিজে তাঁর পরবর্তী সেরা স্কোরারি বক্সিং ডে টেস্টে ছিল ৩৬ এবং মোট মাত্র ৬ বার দ্বি-অঙ্কের চিহ্ন অতিক্রম করেছেন। এই সিরিজে কোহলি ৯ ইনিংসে ২৩.৭৫ গড়ে ১৯০ রান নিয়ে সিরিজ শেষ করলেন। কোহলির সিরিজটি হতাশাজনকভাবে শেষ হয়েছে, কারণ অফ-স্ট্যাম্পের বাইরে ডেলিভারির জন্য। তিনি ৮ বারের মধ্যে ৭ বার আউট হয়েছেন। প্রথম ইনিংসে, ৬৯ বলে ১৭ রান করে বোল্যান্ডের বোলিংয়ে বিউ ওয়েসব্র্যারের বলে স্প্রিগে ক্যাচ দিয়েছিলেন কোহলি। আর দ্বিতীয় ইনিংসে ১২ বলে ৬ রান করে আউট হন কোহলি। সিরিজে ৪র্থ বারের মতো স্ট্র বোল্যান্ডের কাছেই আউট হলেন কোহলি।

হাসপাতাল থেকে ফিরলেন বুমরাহ, সিডনি টেস্টে আর নামতে পারবেন?

৪ জানুয়ারি : হাসপাতাল থেকে ফিরে এলেন জশপ্রীত বুমরাহ। ভারতের ব্যাটিংয়ের সময় দেখা যায়, সাজঘরে ফিরছেন তিনি। তবে কেন তাঁকে তড়িঘড়ি হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল, সে বিষয়ে এখনও বিস্তারিত কিছু জানানো হয়নি। তবে জানা যাচ্ছে, পিঠের চোটের জন্য তাঁকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়। উল্লেখ্য, সিডনি টেস্টের দ্বিতীয় দিনে আচমকই মাঠে ছেড়ে বেরিয়ে যান জশপ্রীত বুমরাহ।



মধ্যাহ্নভোজনের পর এক ওভার বল করেন তিনি। তারপরই দলের ডাক্তারের সঙ্গে মাঠ ছানো। পরে গাড়ি করে হাসপাতালের পথে রওনা দেন। স্বাভাবিকভাবেই এই পরিস্থিতিতে উদ্বেগ বাড়ে বুমরাহকে নিয়ে। যদিও তাঁকে ফিরে আসতে দেখে কিছুটা চিন্তামুক্ত হবেন ক্রিকেটভক্তরা। বুমরাহর অনুপস্থিতিতে ভারতকে নেতৃত্ব দেন বিরাট কোহলি। ভারতীয় বোর্ড থেকে স্পন্সট করে কিছু জানানো হয়নি বুমরাহর কি হয়েছে তা নিয়ে। তবে চা-পানের বিবর্তির সময় ধারাভাষ্যকার মায়াজি ল্যাস্কার জানান, সম্ভবত পিঠের চোটের জন্য তাঁকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। উল্লেখ্য, কয়েক বছর আগে পিঠে অস্ত্রোপচার করা হয় বুমরাহর। সেটার জন্য তাঁর স্ক্যান করা হয়েছে কিনা, তা নিয়ে শঙ্কায় সমর্থকরা। ফলে তিনি সিডনি টেস্টে আর নামতে পারবেন কিনা, সেটা নিয়েও চিন্তা তৈরি হচ্ছে। বিশেষ সূত্রে জানতে পারা গিয়েছে, বা এমন বলা যেতে পারে যে সূত্রের দাবি, শনিবার বিকেলেই স্ক্যানের রিপোর্ট আসতে পারে। তখনই ছবিটা পরিষ্কার হয়ে যাবে। সিডনির সেন্টেনিয়াল পার্কের সেন্ট ডিনসেট হাসপাতালে তাঁকে নিয়ে যাওয়া হয়েছিল বলে খবর। চলতি সিরিজে ৩২টি উইকেট তুলে তিনিই সর্বোচ্চ উইকেটশিকারী। প্রথম টেস্ট থেকেই খেলে চলেছেন। কার্যত হয়ে উঠেছেন ভারতের ‘ওয়ান ম্যান আর্মি’। অতিরিক্ত খেলার কারণে চোট বেড়েছে কিনা সেটাও ভাবাচ্ছে অনেককে।

ধনশ্রীর সঙ্গে চাহালের বিচ্ছেদের ঘোষণা শুধু সময়ের অপেক্ষা!

৪ জানুয়ারি : গত বছরই বিচ্ছেদের পথে হেঁটেছিলেন হার্পিক পাণ্ডিয়া এবং নাতাশা স্ট্যানকোভিচ। এবার কি দাম্পত্য জীবনে ইতি পড়তে চলেছে ভারতীয় দলের আরও এক তারকার? তাঁর সাম্প্রতিক কার্যকলাপ সেই জল্পনাই নতুন করে উসকে দিল। কথা হচ্ছে যুক্তবেঙ্গ চাহালের। সোশাল মিডিয়ায় ধনশ্রীর সঙ্গে সমস্ত ছবি মুছে দিয়েছেন তিনি! আবার ইনস্টাগ্রাম থেকে চাহালকে আনফলো করলেন ধনশ্রী! গত বছর থেকেই ধনশ্রীর সঙ্গে চাহালের সম্পর্কে ফটলের গুঞ্জন শোনা যাচ্ছিল। চাহাল নিজের সোশাল অ্যাকাউন্টে লিখেছিলেন, ‘নতুন জীবনের সূচনা হচ্ছে’। যদিও চাহাল তখন ডিভোর্সের জল্পনা উড়িয়ে দিয়েছিলেন। কিন্তু এই ঘটনার পরই স্বামীর পদবি নিজের নামের পাশ থেকে মুছে ফেলেছিলেন ধনশ্রী। তাতে ফের তাঁদের সম্পর্কে চির ধরার চর্চা উঠে আসে শিরোনামে। এবার যেন এতে নতুন করে ঘুতাহুতি হল। ভারতীয়াল দুনিয়ায় দারুণ অ্যােকটিভ চাহাল। স্ট্রীর সঙ্গে নানা মুহূর্তের ছবি ভিডিও শেয়ার করেন আত্মছার। তবে এবার সেই সমস্ত ছবিই নাকি সরিয়ে ফেলেছেন ভারতীয় স্পিনার! পাল্টা ধনশ্রী ইনস্টাগ্রামে চাহালকে আনফলো করে দিয়েছেন। যদিও তিনি এখনও পর্যন্ত চাহালের সঙ্গে পোস্ট করা কোনও ছবি ডিলিট করেননি। তবে স্বামী-স্ত্রীর এসব কীর্তিলাপেই ডিভোর্সের জল্পনা জোরালো হচ্ছে। এরই মধ্যে আবার তারকা দম্পতির ঘনিষ্ঠ সূত্রে জানা যাচ্ছে, গুঞ্জন নয়। সত্যিই নাকি বিচ্ছেদের চিন্তাভাবনা চলছে। তিনি জানিয়েছেন, ওঁদের ডিভোর্স হবেই। ঘোষণা শুধু সময়ের অপেক্ষা। যদিও বিচ্ছেদের সঠিক কারণ এখনও জানা যায়নি। তবে যতদূর জানা গিয়েছে, দুজনই আলাদা থাকার সিদ্ধান্ত নিয়ে ফেলেছেন। ২০২০ সালের ১১ ডিসেম্বর সাত পাকে বাঁধা পড়েছিলেন চাহাল ও ধনশ্রী। অভিনেত্রী-করিওগ্রাফার ধনশ্রী জানিয়েছিলেন, লকডাউনের সময় খেলাধুলা পুরো বন্ধ ছিল। সেই সময়ই সোশাল মিডিয়ায় তাঁর নাচের ভিডিও দেখে নাচ শেখার ইচ্ছাপ্রকাশ করেছিলেন চাহাল। ভারতীয় স্পিনারের ‘ড্যান্স টিচার’ হওয়ার পরই প্রেমের সুরওয়াত দুই তারকার। কিন্তু সেই সম্পর্কে হয়তো শিঘ্রই ছেদ পড়তে চলেছে।

